# সপ্তম
# বার্ষিক প্রতিবেদন
## ২০২০-২০২১

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

## সপ্তম বার্ষিক প্রতিবেদন

জুলাই ২০২০-জুন ২০২১

১৪/৬ - ১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬
ফোন: +৮৮০ ৯৬৬৬ ৭৭৬৮৬৮, +৮৮০ ১৭৬৯ ৭২১০১০, ফ্যাক্স: +৮৮০ ২ ৫৮০৫১০১০
ই-মেইল: info@bsmrmu.edu.bd, ওয়েব: www.bsmrmu.edu.bd

# বার্ষিক প্রতিবেদনঃ জুলাই ২০২০ - জুন ২০২১

## উপদেষ্টা পরিষদ

**রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল,** এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অব.), ভাইস চ্যান্সেলর

**কমডোর এ কে এম মারুফ হাসান,** (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন, ট্রেজারার

**কমডোর এম সাজেদুল করিম,** (ই), পিএসসি, বিএন, ডিন, ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন

**কমডোর আনিছুর রহমান মোল্লা,** (এল), এনইউপি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার

ই. **কমডোর এম জসিম উদ্দীন,** (এইচ), বিএন, ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স

ই. **কমডোর সানাউল নোমান,** এনইউপি, পিসিজিএমএস, বিএন, ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি

**কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর,** (এল), এনজিপি, এফডিসি, পিএসসি (অব.), বিএন, ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি

## সম্পাদনা পরিষদ

| | |
|---|---|
| **কমডোর আনিছুর রহমান মোল্লা,** (এল), এনইউপি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার | সভাপতি |
| ই. **কমডোর সানাউল নোমান,** এনইউপি, পিসিজিএমএস, বিএন, ডিন, এফএমজিপি | সদস্য |
| **উইং কমান্ডার রেফাতুল ইসলাম,** পিএসসি, এডিডব্লিউসি, অতিরিক্ত পরিচালক (পোস্ট গ্রাজুয়েট রিসার্চ অ্যান্ড টেকনোলজি ট্রান্সফার সেন্টার) | সদস্য |
| **স্বপন কুমার বড়ুয়া,** উপ-পরিচালক, বাজেট | সদস্য |
| **মোহাম্মদ ইখতিয়ারুল হক,** সহকারী রেজিস্ট্রার, একাডেমিক | সদস্য |
| **মোঃ মাইনুর রহমান,** সহকারী পরিচালক, একিউএইডি | সদস্য |
| **স্বর্ণা দত্ত,** প্রভাষক, বাংলা | সদস্য |
| **আহাম্মদ করিম,** সহকারী কম্পিউটার প্রোগ্রামার | সদস্য |

## সহায়তা

**মোহাম্মদ তাজুল ইসলাম,** পিএ, রেজিস্ট্রার দপ্তর

**অমিত মহন্ত,** অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

**শিকদার সোহেল রানা,** অফিস সহকারী কাম ডাটা প্রসেসর, রেজিস্ট্রার দপ্তর

## ফটোগ্রাফি

**তানভীর আহম্মদ সিদ্দিকী,** ফটোগ্রাফার

## প্রকাশক

**রেজিস্ট্রার,** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ



بِسْــمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি

## বাণী

## রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

১৬ আষাঢ় ১৪২৮
৩০ জুন ২০২১

'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ' এর সপ্তম বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের কার্যক্রমের একটি সচিত্র প্রতিবেদন, দালিলিক প্রমাণ ও প্রতিচ্ছবি হিসাবে এ প্রকাশনা বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ডকে আরো স্বচ্ছ ও বেগবান করবে বলে আমার বিশ্বাস।

দেশে মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চশিক্ষার পীঠস্থান হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি নিজস্ব শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনার মাধ্যমে দক্ষ জনবল তৈরি, আধুনিক প্রযুক্তি উদ্ভাবন এবং গবেষণার মাধ্যমে নতুন নতুন জ্ঞান ও তত্ত্ব তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এর পাশাপাশি যুগোপযোগী ও মেরিটাইম শিল্পের চাহিদা অনুযায়ী সরকারি-বেসরকারি সমুদ্র বাণিজ্যিক পেশাজীবী ও অন্যান্য মেরিন পেশাজীবীদের কর্মদক্ষতা বৃদ্ধিতেও এ বিশ্ববিদ্যালয় অনন্য ভূমিকা রাখছে। বাংলাদেশের সুবিশাল সমুদ্রসীমা ও অফুরন্ত সামুদ্রিক সম্পদ আহরণ এবং এর সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে দেশের অর্থনীতিতে অবদান রাখতে এ বিশ্ববিদ্যালয় অত্যন্ত বলিষ্ঠ ভূমিকা রাখবে বলে আমি মনে করি। বৈশ্বিক করোনা মহামারির প্রেক্ষাপটে সারা বিশ্বের ন্যায় বাংলাদেশের শিক্ষাখাতও আজ চ্যালেঞ্জের মুখোমুখি। আমি ভার্চুয়াল শিক্ষা কার্যক্রমকে আরো বেগবান করার পাশাপাশি একটি Academic Recovery Plan এর মাধ্যমে সমন্বিত শিক্ষা কার্যক্রম গ্রহণ করার জন্য সকল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাচ্ছি।

বাংলাদেশ এখন উদীয়মান অর্থনীতির দেশ। দেশের বহুমুখী উন্নয়নের ধারাবাহিকতায় মেরিটাইম সংশ্লিষ্ট উন্নয়নও সরকারের অন্যতম অগ্রাধিকার। সাম্প্রতিক সময়ে সরকার 'Territorial Water and Maritime Zones (Amendment) Act, 2021' প্রণয়ন করেছে। মূল আইনটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালে বঙ্গোপসাগরে সামুদ্রিক সম্পদের উপর বাংলাদেশের মানুষের সার্বভৌম অধিকার প্রতিষ্ঠা এবং সমুদ্র সম্পদ অনুসন্ধান ও আহরণের নিমিত্তে প্রণয়ন করেন। বাংলাদেশ আন্তর্জাতিক আদালতে ভারত ও মিয়ানমারের সাথে সমুদ্রসীমা বিরোধ নিষ্পত্তির মাধ্যমে ১,১৮,৮১৩ বর্গ কিলোমিটার সমুদ্রসীমা অর্জন করেছে যা দেশের জন্য এক ঐতিহাসিক সাফল্য। আমি আশা করি, এ বিশাল সমুদ্রসীমার 'ব্লু ইকোনমি'র সম্ভাবনাকে কাজে লাগাতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি বলিষ্ঠ ভূমিকা রাখবে।

আমি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর উত্তরোত্তর সফলতা কামনা করি।

জয় বাংলা।
খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ



## ভাইস-চ্যান্সেলর

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান**
**মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ**

# মুখবন্ধ

মেরিটাইম সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চশিক্ষার বিভিন্ন পর্যায়ে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১৩ খ্রীষ্টাব্দে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠা করে। বিশেষায়িত এ বিশ্ববিদ্যালয়টি দেশের প্রথম, দক্ষিণ এশিয়ায় ৩য় এবং বিশ্বে ১২তম মেরিটাইম বিশ্ববিদ্যালয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশিত পথ অনুসরণ করে তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে আন্তর্জাতিক আদালত কর্তৃক বাংলাদেশ তার সমুদ্র সীমায় নিরঙ্কুশ ও সার্বভৌম অধিকার প্রতিষ্ঠা করে। সুবিশাল সমুদ্র এলাকার অনাবিষ্কৃত ও অনারোহিত সম্পদের অন্বেষণ, আহরণ, সুরক্ষা, গবেষণা ও ব্যবহারের জন্য নিজস্ব বিশেষজ্ঞ তৈরি করা এখন সময়ের দাবী। সমুদ্র সম্পদের সুষম ব্যবহারের মাধ্যমে বিশেষজ্ঞগণ বাংলাদেশের অর্থনীতির গতি-প্রকৃতি বদলে দিতে পারে। তাই, দক্ষ জনশক্তি এবং উন্নত প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে সমুদ্র সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে বর্তমান সরকারের সময়োপযোগী সিদ্ধান্তের ফলস্বরূপ মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়।

মেরিটাইম সংক্রান্ত উচ্চ শিক্ষা, গবেষণা ও আধুনিক প্রযুক্তি ছাড়া বাংলাদেশের অর্জিত সামুদ্রিক এলাকার সুফল অর্জন করা সম্ভব নয়। সেই মহৎ উদ্দেশ্যকে সামনে রেখেই ঢাকাস্থ অস্থায়ী ক্যাম্পাসে সীমিত পরিসরে অত্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ০৫ টি স্নাতক (সম্মান), ০৮ টি স্নাতকোত্তর প্রোগ্রাম চালু রয়েছে এবং ধারাবাহিকভাবে আরও নতুন প্রোগ্রাম চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চ শিক্ষার মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে এই বিশ্ববিদ্যালয়ের সাথে বিদেশি ১৬টি স্বীকৃত মেরিটাইম বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে, আরও কয়েকটি প্রক্রিয়াধীন রয়েছে। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম জেলার বন্দর থানাধীন কালুরঘাট এলাকার চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া মৌজায় স্থাপনের লক্ষ্যে সরকার কর্তৃক বরাদ্দকৃত ১০৬ একর ভূমিতে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস স্থানান্তরের পরিকল্পনা পর্যায়ক্রমে বাস্তবায়নাধীন। স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রামে স্থানান্তরের পর বিশ্ববিদ্যালয়টি দক্ষিণ এশিয়ার মেরিটাইম সংশ্লিষ্ট বিষয়ে উচ্চশিক্ষা ও গবেষণার একটি সমৃদ্ধ পীঠস্থান হবে বলে আমি আশাবাদী।

বিগত বছর সমূহের ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ে সপ্তম বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পারায় আমি অত্যন্ত আনন্দিত। আমি এর সাথে জড়িত উপদেষ্টা, সম্পাদনা পরিষদ এবং বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তর ও অধিভুক্ত প্রতিষ্ঠানকে তথ্য-উপাত্ত প্রদান করে সহায়তার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

বিশ্ব আজ করোনা নামক মহামারীর করাল গ্রাসে আক্রান্ত। সমস্ত বিশ্বের অর্থনীতিসহ বিভিন্ন সেক্টরে এর প্রভাব পড়েছে। শিক্ষা ক্ষেত্রেও এর ব্যত্যয় ঘটেনি। তবে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের করোনাকালীন পড়ালেখার ক্ষতি পুষিয়ে নিতে অনলাইনে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। অনলাইনে শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষকদের জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া দরিদ্র শিক্ষার্থীদের অনলাইনে শিক্ষা কার্যক্রম যেন ব্যাহত না হয় সেজন্য আর্থিক সহায়তা ও মাসিক কিস্তিতে ল্যাপটপ ক্রয়ের ব্যবস্থা করা হয়েছে।

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী আমরা এ বছরই উদ্‌যাপন করছি। এছাড়াও মুজিববর্ষ উদ্‌যাপনের এই মাহেন্দ্রক্ষণে দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে আমদের নিজ নিজ অবস্থান থেকে কাজ করে যেতে হবে। সময় ও যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করতে সকলকে হতে হবে আরও দূরদর্শী, সৃজনশীল ও গবেষণা নির্ভর। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় দেশকে পরিণত করতে এবং ক্ষুধামুক্ত, দারিদ্র্যমুক্ত, উন্নত, সমৃদ্ধ বাংলাদেশ গড়তে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ অগ্রণী ভূমিকা পালন করবে বলে আমার বিশ্বাস।

আমি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের সার্বিক সফলতা ও মঙ্গল কামনা করছি।

মহান আল্লাহ আমাদের সহায় হোন।
বাংলাদেশ চিরজীবী হোক।
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি চিরজীবী হোক।

**রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল,** এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অব.)
ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ



## রেজিস্ট্রার
**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান**
**মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ**

# সম্পাদকীয়

মেরিটাইম বাংলাদেশ ভিশনের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অসাধারণ ও বলিষ্ঠ নেতৃত্বে প্রতিবেশী মিয়ানমার ও ভারতের সঙ্গে সমুদ্রসীমা সংক্রান্ত দীর্ঘদিনের বিরোধ নিষ্পত্তির মাধ্যমে বঙ্গোপসাগরের ১,১৮,৮১৩ বর্গকিলোমিটারের রাষ্ট্রাধীন সমুদ্র, ২০০ নটিক্যাল মাইল একচ্ছত্র অর্থনৈতিক অঞ্চল এবং চট্টগ্রাম উপকূল থেকে ৩৫৪ নটিক্যাল মাইল পর্যন্ত মহীসোপানের তলদেশে অবস্থিত সব ধরনের প্রাণিজ ও অপ্রাণিজ সম্পদের উপর নিরঙ্কুশ সার্বভৌম অধিকার এবং অর্থনৈতিক নিয়ন্ত্রণ অর্জন করেছে বাংলাদেশ। অধিকৃত সুবিশাল সমুদ্রের পানি ও এর তলদেশে যে পরিমাণ সম্পদ রয়েছে, সে সম্পদকে টেকসই উন্নয়নের জন্য ব্যবহারের লক্ষ্যে নিজস্ব বিশেষজ্ঞ তৈরির প্রক্রিয়া ত্বরান্বিত করতে বাংলাদেশ সরকার বদ্ধ পরিকর। এ প্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১৩ খ্রীষ্টাব্দে "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিএসএমআরএমইউ)" প্রতিষ্ঠা করে। বিশ্ববিদ্যালয়ে এ পর্যন্ত ৮টি বিভাগে স্নাতকোত্তর ও ৫টি বিভাগে স্নাতক (সম্মান) প্রোগ্রাম চালু করা হয়েছে। এছাড়া বাংলাদেশে মেরিটাইম উচ্চশিক্ষাকে কীভাবে আরও বাস্তবতার নিরিখে উন্নত করা যায় এবং সমুদ্রশিক্ষায় শিক্ষিত, দক্ষ ও অভিজ্ঞ পেশাদার জনবল কর্মসংস্থানের সুযোগ পায়, এ নিয়ে সুদূরপ্রসারী পরিকল্পনা ও কৌশল গ্রহণ বিশ্ববিদ্যালয়ের অন্যতম লক্ষ্য। সময়ের আবর্তে বিশ্ববিদ্যালয়টি দক্ষিণ এশিয়ার মেরিটাইম সংশ্লিষ্ট একটি অনন্য আন্তর্জাতিক মানসম্পন্ন বিশ্ববিদ্যালয়ে পরিণত হবে বলে আমি আশাবাদী।

বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন প্রতিবছরের একটি নির্ধারিত প্রকাশনা যা বিশ্ববিদ্যালয়ের সার্বিক কর্মকাণ্ডের প্রামাণ্য দলিল এবং বিশ্ববিদ্যালয় সম্পর্কিত তথ্য-উপাত্তের অত্যন্ত গুরুত্বপূর্ণ উৎস। বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ, বিভাগ, দপ্তর ও অধিভুক্ত প্রতিষ্ঠান সমূহের একাডেমিক, প্রশাসনিক এবং গবেষণা সম্পর্কিত কার্যক্রম বার্ষিক প্রতিবেদনটিতে সন্নিবেশিত করা হয়েছে। প্রাণঘাতী বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে দেশের শিক্ষা ব্যবস্থা চ্যালেঞ্জের মুখোমুখি। এ দুর্যোগময় পরিস্থিতির মাঝে বিশ্ববিদ্যালয়ে অনলাইন শিক্ষা কার্যক্রম পরিচালনা অব্যাহত রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় ও উপদেষ্টা পরিষদের সকল সম্মানিত সদস্য মণ্ডলীকে তাদের পৃষ্ঠপোষকতা, পরামর্শ ও দিক-নির্দেশনার জন্য এবং সম্পাদনা পরিষদের সকল সদস্যদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

'জয় বাংলা'। বাংলাদেশ চিরজীবী হোক।

**কমডোর আনিছুর রহমান মোল্লা,** (এল), এনইউপি, পিএসসি, বিএন
রেজিস্ট্রার, সদস্য, উপদেষ্টা পরিষদ ও সভাপতি, সম্পাদনা পরিষদ
৭ম বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি, বিএসএমআরএমইউ

# সূচিপত্র


বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ ........ ০১
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর সংক্ষিপ্ত পরিচিতি ........ ০৬
অনুষদ ও বিভাগসমূহ ........ ০৮
আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ ........ ০৯
জেনারেল স্টাডিজ অনুষদ ........ ১১
মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ ........ ১২
শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদ ........ ১৩
মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদ ........ ১৭
ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ ........ ১৯
বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম ........ ২০
উপাচার্য সচিবালয়ের কার্যক্রম ........ ২১
রেজিস্ট্রার দপ্তর (এডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশিপ সেকশন) সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম ........ ২৩
রেজিস্ট্রার দপ্তর কর্তৃক আয়োজিত অনুষ্ঠান ও কর্মকাণ্ড ........ ২৪
ইন্টারন্যাশনাল কো-অপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ দপ্তরের কার্যক্রম ........ ২৮
সংবিধিবদ্ধ সভার কার্যক্রম ........ ২৯
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের কর্মকাণ্ড ........ ৩৪
অর্থ ও হিসাব দপ্তরের গৃহীত কার্যক্রম ........ ৩৭
পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তরের কার্যক্রম ........ ৩৮
একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্টের কার্যক্রম ........ ৩৯
কলেজ, একাডেমি ও ইনস্টিটিউট পরিদর্শক দপ্তরের কার্যক্রম ........ ৪২
বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখার কার্যক্রম ........ ৪৪
বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভের কর্মকাণ্ড ........ ৪৫
বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টারের কার্যক্রম ........ ৪৬
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা প্রকল্পের কার্যক্রম ........ ৪৮
নাফিক (Nuffic) কারিগরি শিক্ষা সহায়তা প্রকল্পের কার্যক্রম ........ ৪৯
মেডিকেল সেন্টারের কার্যক্রম ........ ৫১
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের কার্যক্রম ........ ৫২
মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রামের কার্যক্রম ........ ৫৪
বিশ্ববিদ্যালয়ের জনবল ........ ৫৬

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ হলো সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, অর্থ কমিটি, পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি, অনুষদ, পাঠ্যক্রম কমিটি, বাছাই বোর্ড, শৃঙ্খলা কমিটি, বোর্ড অব এডভান্সড স্টাডিস অ্যান্ড রিসার্চ এবং সংবিধি মোতাবেক গঠিত অন্যান্য কর্তৃপক্ষ।

### সিনেট

**বিশ্ববিদ্যালয়ের সিনেট-এর বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অব.)<br>ভাইস চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | চেয়ারম্যান |
| রিয়ার এডমিরাল মোঃ খুরশেদ আলম, এনডিসি, পিএসসি (অব.)<br>সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট), পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| রিয়ার এডমিরাল মোহাম্মদ মাহবুব-উল ইসলাম (এন), বিএসপি, এনডিসি, পিএসসি<br>সহকারী নৌবাহিনী প্রধান (পার্সোনেল), বাংলাদেশ নৌবাহিনী | সদস্য |
| রিয়ার এডমিরাল এম আশরাফুল হক, (সি), এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি<br>মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড | সদস্য |
| প্রফেসর ড. দিল আফরোজা বেগম<br>সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| জনাব সঞ্জয় কুমার বণিক<br>অতিরিক্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ তৌফিকুল আরিফ<br>অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মু. ফজলুর রহমান<br>অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন, (সি), পিসিজিএমএস, এনডিসি, পিএসসি, বিএন<br>মহাপরিচালক, নৌ পরিবহন অধিদপ্তর | সদস্য |
| কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর সুমন মাহমুদ সাব্বির, (এনডি), এনডিসি, পিএসসি, বিএন<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন | সদস্য |
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার ও ডিন এফএমবিএস, বিএসএমআরএমইউ | সদস্য সচিব |
| ই. কমডোর মোহাম্মদ জসীম উদ্দিন, (এইচ), বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স, বিএসএমআরএমইউ | সদস্য |
| ই. কমডোর সানাউল নোমান, এনইউপি, পিসিজিএমএস, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গর্ভনেন্স অ্যান্ড পলিসি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি (অব.), বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী<br>পদার্থ বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |

| | |
|---|---|
| জনাব ফারাহ শাম্মী<br>যুগ্ম সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ক্যাপ্টেন এম ওয়াসিম মকসুদ, (জি), বিসিজিএম, পিএসসি, বিএন<br>প্রিন্সিপাল, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম | সদস্য |
| ক্যাপ্টেন ইনতেখাব আহমেদ চৌধুরী, এএফএনআই<br>চেয়ারম্যান, নটিক্যাল ইনস্টিটিউট (এনআই-লন্ডন)-এর বাংলাদেশ শাখা | সদস্য |
| জনাব হারুনুর রশিদ, চেয়ারম্যান, মেরিন ইঞ্জিনিয়ার (ক্লাস-১), ইউকে<br>ইমারেস্ট লন্ডনের বাংলাদেশ শাখা | সদস্য |

## সিন্ডিকেট

### বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অব.)<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| প্রফেসর ড. দিল আফরোজা বেগম<br>সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| জনাব বেগম সেলিনা হক<br>অতিরিক্ত সচিব, অনুবিভাগ-১ (সাধারণ), প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ তৌফিকুল আরিফ<br>অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| জনাব এ কে এম ফজলুল হক<br>অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| জনাব বেগম লায়লা জেসমিন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌ-পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| কমডোর সুমন মাহমুদ সাব্বির, (এনডি), এনডিসি, পিএসসি, বিএন<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন | সদস্য |
| কমডোর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার ও ডিন এফএমবিএস, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |
| কমডোর এস এম মনিরুজ্জামান, (সি), ওএসপি, এনডিসি, এনসিসি, পিএসসি, বিএন<br>পরিচালক, নৌ প্রশিক্ষণ পরিদপ্তর, পার্সোনেল শাখা, নৌবাহিনী সদর দপ্তর | সদস্য |
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন (অব.)<br>অধ্যাপক, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মোহাম্মদ খায়রুল ইসলাম<br>কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |
| প্রফেসর ড. আলতাফ হোসেন<br>একাডেমিক উপদেষ্টা, বিএসএমআরএমইউ | সদস্য |

| | |
|---|---|
| ড. মোহাম্মদ মহিউদ্দীন<br>যুগ্ম সচিব (ড্রাফটিং)<br>লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ক্যাপ্টেন এম ওয়াসিম মকসুদ, (জি), বিসিজিএম, পিএসসি, বিএন<br>প্রিন্সিপাল, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি | সদস্য |
| জনাব আজম জে চৌধুরী<br>সভাপতি, বাংলাদেশ ওশান গোয়িং শিপওনার্স অ্যাসোসিয়েশন | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম | সদস্য |
| জনাব মোমতাজ উদ্দিন ভূঁইয়া<br>মেরিন প্রফেশনাল | সদস্য |
| প্রকৌশলী মোস্তফা আনোয়ার<br>মেরিন প্রফেশনাল | সদস্য |
| কমান্ডার এ টি এম রেজাউল হাসান, (সি), বিসিজিএম, পিসিজিএমএস, বিএন<br>জোনাল কমান্ডার, ঢাকা জোন, বাংলাদেশ কোস্ট গার্ড | সদস্য |
| ক্যাপ্টেন ইনতেখাব আহমেদ চৌধুরী, এএফএনআই<br>চেয়ারম্যান, নটিক্যাল ইনস্টিটিউট (এনআই-লন্ডন) এর বাংলাদেশ শাখা | সদস্য |
| জনাব হারুনুর রশিদ, চেয়ারম্যান, মেরিন ইঞ্জিনিয়ার (ক্লাস-১), ইউকে<br>ইমারেস্ট লন্ডনের বাংলাদেশ শাখা | সদস্য |

## একাডেমিক কাউন্সিল

### বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অব.)<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার ও ডিন, এফএমবিএস, বিএসএমআরএমইউ | সদস্য সচিব |
| ই. কমডোর মোহাম্মদ জসীম উদ্দিন, (এইচ), বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স, বিএসএমআরএমইউ | সদস্য |
| ই. কমডোর সানাউল নোমান, এনইউপি, পিসিজিএমএস, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্নেন্স অ্যান্ড পলিসি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন (অব.)<br>ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. অলক পাল<br>ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |
| প্রফেসর ড. মোঃ মইনুল ইসলাম<br>পুরকৌশল বিভাগ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |

| | |
|---|---|
| প্রফেসর ড. আলতাফ হোসেন<br>একাডেমিক উপদেষ্টা, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মো. সাদিকুল বারী<br>নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. আফতাব আলম খান<br>ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. সৈয়দ রাসিদুল হাসান<br>মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ক্যাপ্টেন কাজী আলী ইমাম<br>বিভাগীয় প্রধান, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. এম ফয়েজ উদ্দিন<br>মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মরিয়ম বেগম<br>ইংরেজি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন এ টি জি এম সরকার, (ট্যাজ), পিএসসি, বিএন (অব.)<br>পরীক্ষা নিয়ন্ত্রক, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>পরিচালক, আইবিবিবিএস, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন এ এম কুদরতউল্লাহ, (এস), বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>পরিচালক, ইনস্টিটিউট অব প্রফেশনাল ল্যাঙ্গুয়েজ, বিএসএমআরএমইউ | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম | সদস্য |
| ক্যাপ্টেন এম ওয়াসিম মকসুদ, (জি), বিসিজিএম, পিএসসি, বিএন<br>প্রিন্সিপাল, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি | সদস্য |
| কমান্ডার এম মাহবুর রহমান, (ই), বিএন<br>গ্রন্থাগারিক ও প্রক্টর, বিএসএমআরএমইউ | সদস্য |
| ড. মুহাম্মদ নাজির হোসেন<br>সহযোগী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব খন্দকার আতিকুর রহমান<br>সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব ফারহানা আক্তার<br>প্রভাষক, রসায়ন বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |

## অর্থ কমিটি

### বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অব.)<br>ভাইস চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| জনাব ভোলা নাথ দে<br>অতিরিক্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয় | সদস্য |

| | |
|---|---|
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার ও ডিন এফএমবিএস, বিএসএমআরএমইউ | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম | সদস্য |
| কর্নেল মোঃ সাদিকুল বারী, পিএসসি<br>চীফ ইঞ্জিনিয়ার, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব মোঃ শাহ আলম<br>পরিচালক (অর্থ ও হিসাব), বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| ক্যাপ্টেন এ কে এম আমিনুল আজিম, (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>পরিচালক, অর্থ ও হিসাব, বিএসএমআরএমইউ | সদস্য সচিব |
| ড. ফেরদৌসী বেগম<br>সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| ড. এস. এম. মোস্তাফিজুর রহমান<br>সহকারী অধ্যাপক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |

## পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি

**বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটির বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অব.)<br>ভাইস চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, (অব.), বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব এ কে এম ফজলুল হক<br>অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| জনাব গোপাল কৃষ্ণ দেবনাথ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), এলজিইডি সদর দপ্তর | সদস্য |
| জনাব বিশ্বজিৎ বড়ুয়া<br>তত্ত্বাবধায়ক স্থপতি, সার্কেল-৫, স্থাপত্য অধিদপ্তর | সদস্য |
| কর্নেল মোঃ সাদিকুল বারী, পিএসসি, ইঞ্জিনিয়ার্স<br>চীফ ইঞ্জিনিয়ার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমান্ডার সালাহউদ্দিন আহ্‌মেদ, (এস), বিএন<br>পরিচালক, পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন (অতিরিক্ত দায়িত্ব), বিএসএমআরএমইউ | সদস্য সচিব |

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর সংক্ষিপ্ত পরিচিতি

মেরিটাইম সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চশিক্ষার বিভিন্ন পর্যায়ে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৩ খ্রীষ্টাব্দে এই বিশ্ববিদ্যালয়ের গোড়াপত্তন করেন। এরই ধারাবাহিকতায় মহান জাতীয় সংসদ কর্তৃক 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ' স্থাপনের লক্ষ্যে গৃহীত ৪৭ নং আইনটি ২৬ অক্টোবর ২০১৩ (১১ কার্তিক ১৪২০) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতি লাভ করে। ২৭ অক্টোবর ২০১৩ আইনটি বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। সেদিন থেকেই বিশ্ববিদ্যালয়টি দেশের প্রথম, দক্ষিণ এশিয়ায় ৩য় এবং বিশ্বে ১২ তম মেরিটাইম বিশ্ববিদ্যালয় হিসেবে যাত্রা শুরু করে। প্রাথমিক পর্যায়ে বিশ্ববিদ্যালয়টি বাংলাদেশ নৌবাহিনীর সহায়তায় ০২ ফেব্রুয়ারি ২০১৪ বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাস, ঢাকায় অস্থায়ী অফিস স্থাপন করে। পরবর্তীতে ০১ মার্চ ২০১৪ ঢাকাস্থ মিরপুর ডিওএইচএস-এ লিয়াজোঁ অফিস এবং তৎপরবর্তীকালে ০১ আগস্ট ২০১৫ শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদনক্রমে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস ১৪/০৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ তে স্থাপন করা হয়। এ অস্থায়ী ক্যাম্পাসেই বিশ্ববিদ্যালয় ০৮ (আট)টি স্নাতকোত্তর এবং ০৫ (পাঁচ)টি স্নাতক (সম্মান) প্রোগ্রাম পরিচালনা করছে। সরকারি সিদ্ধান্তের আলোকে চট্টগ্রাম জেলার বন্দর ও চাদগাঁও থানার হামিদচর কালুরঘাট এলাকায় চর রাঙামাটিয়া ও বাকলিয়া মৌজায় ১০৬.৬৬ একর ভূমিতে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস স্থাপন প্রকল্পের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে।

### রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) এবং উদ্দেশ্য (Goals)

#### রূপকল্প (Vision)

মেরিটাইম বিষয়ক আন্তর্জাতিক মানের আধুনিক জ্ঞান চর্চা, কর্মদক্ষ অনুষদ এবং উচ্চতর শিক্ষা ও গবেষণার মাধ্যমে বিশ্ববিদ্যালয়কে মেরিটাইম বিষয়ক Centre of Excellence হিসেবে প্রতিষ্ঠিত করা।

#### অভিলক্ষ্য (Mission)

গুণগত মানসম্মত মেরিটাইম বিষয়ক দক্ষ জনশক্তি তৈরি, বিশ্বমানের মেরিটাইম বিষয়ক উচ্চতর শিক্ষা ও গবেষণা নিশ্চিত করা, আধুনিক ও যুগোপযোগী প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে মেরিটাইম বিষয়ে জাতীয় অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে অবদান রাখা।

#### উদ্দেশ্য (Goals)

- ❑ মেরিটাইম সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় এবং প্রতিষ্ঠানসমূহের সঙ্গে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে অত্র বিশ্ববিদ্যালয়ের টেকসই উন্নয়ন অর্জন।
- ❑ জাতীয় চাহিদা ও প্রয়োজন অনুযায়ী শিক্ষাগত সেবা ও সুযোগ-সুবিধার অবিরত উন্নতি সাধন।
- ❑ দেশের মেরিটাইম শাখার অগ্রগতির জন্য জ্ঞান বিতরণ, গবেষণা এবং উন্নয়নমূলক কাজে সব ধরনের মেরিটাইম পেশাজীবীদের একটি সার্বজনীন ক্ষেত্রে বা এক প্লাটফর্মে নিয়ে আসা।
- ❑ মেরিটাইম সেক্টরে আসন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় নতুন নতুন আবিষ্কারের মাধ্যমে নতুন মাত্রা সংযোজন করতে গবেষণায় সচেতনতা বৃদ্ধি করা।
- ❑ শিক্ষা-সংক্রান্ত কার্যক্রম, প্রজেক্ট ডিজাইনের উন্নয়ন এবং একাডেমিক মানদণ্ডের সম্প্রসারণ ও উন্নতি সাধনের লক্ষ্যে প্রাক্তন শিক্ষার্থী ও পেশাজীবীদের অংশগ্রহণ দ্রুততরকরণ।
- ❑ শিক্ষার্থীদের মেরিটাইম সায়েন্স ও টেকনোলজি সম্পর্কে জ্ঞান দান এবং মেরিটাইম প্রফেশনে অবদান বৃদ্ধি করতে গবেষণায় সহায়তা করা।

- ❑ দেশের মেরিটাইম সার্ভিস এবং ইন্ডাস্ট্রিয়াল সেক্টরের টেকসই উন্নয়নের জন্য বিভিন্ন মেরিটাইম এডুকেশনাল প্রোগ্রাম এবং গবেষণা কর্ম পরিচালনা করা।
- ❑ মেরিটাইম ব্যবস্থাপনা, আইন, নিরাপত্তা, কৌশলের বিভিন্ন বিষয়ে শিক্ষার্থীদের শিক্ষাদান এবং স্ব-স্ব ক্ষেত্রে গবেষণা পরিচালনা।
- ❑ শিক্ষার্থীরা যেন জাতিকে সেবা দিতে নিজেকে মেরিটাইম সেক্টরে ভবিষ্যত পরিকল্পনাকারী, নীতি নির্ধারক, অধিনায়ক হিসেবে প্রস্তুত করতে পারে এবং মেরিটাইম সেক্টরে জাতীয় ও আন্তর্জাতিক সংস্থায় বিশেষত আন্তর্জাতিক মেরিটাইম সংস্থায় সমন্বয়ক হতে পারে সেজন্য সহায়ক পরিবেশ সৃষ্টি করা।

## বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২০-২০২১) - সার সংক্ষেপ

সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, ফলাফলধর্মী কর্মকাণ্ডে উৎসাহ প্রদান এবং কর্মকৃতি বা Performance মূল্যায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৪-১৫ অর্থবছর হতে সরকারি অফিসসমূহে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' বা APA প্রবর্তন করে। এরই ধারাবাহিকতায় অত্র বিশ্ববিদ্যালয় নিয়মিতভাবে উর্ধ্বতন প্রতিষ্ঠান বাংলদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' সম্পাদন করে আসছে।

বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২০-২০২১ এ কর্মসম্পাদন সূচকের মূল্যায়নের জন্য নিম্নলিখিত কৌশলগত উদ্দেশ্য এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য রয়েছে:

### কৌশলগত উদ্দেশ্য

- মেরিটাইম বিষয়ক  উচ্চশিক্ষার অধিকতর সম্প্রসারণ।
- মেরিটাইম বিষয়ক উচ্চশিক্ষা ব্যবস্থাপনায় গুণগত মান নিশ্চিতকরণ।
- মেরিটাইম বিষয়ক উচ্চশিক্ষা ও গবেষণাকে বিশ্বমানে উন্নীতকরণ।
- সমঝোতা ও সহযোগিতা।

### আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য

- দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।
- কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি।
- আর্থিক সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

### সাফল্য ও অর্জন

এ সকল কৌশলগত উদ্দেশ্যে এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকের বিপরীতে বিশ্ববিদ্যালয়ের বিভাগ/দপ্তর সমূহের  সাফল্য অর্জনের ধারাবাহিকতা বজায় রাখার প্রচেষ্টা অব্যাহত থাকলেও কোভিড-১৯ এর উদ্ভুত পরিস্থিতিতে সার্বিক বিবেচনায় কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন কিছুটা ব্যহত হয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২০-২০২১ অর্থবছরের অত্র বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদনাধীন সময় পর্যন্ত প্রক্রিয়াধীন রয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২০-২০২১) অনুযায়ী এই অর্থ বছরে ২৬ টি গবেষণা প্রবন্ধের (forecasted) স্থলে ৩০ টি গবেষণা প্রবন্ধ বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত হয়। উল্লেখ্য, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৯-২০২০ এর সামগ্রিক ফলাফল অনুযায়ী এ বিশ্ববিদ্যালয় শতকরা ৯১.৩ ভাগ (অতি উত্তম) সাফল্য অর্জন করে দেশের ৪৬ টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম স্থান অধিকার করে।

# অনুষদ ও বিভাগসমূহ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী অনুষদ এবং বিভাগসমূহ নিম্নরূপ:

## ➢ মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ

- মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ
- মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ বিভাগ
- মেরিটাইম সেফ্‌টি অ্যাডমিনিস্ট্রেশন বিভাগ

## ➢ শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদ

- নটিক্যাল সায়েন্স বিভাগ
- পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ
- ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিসটিকস্ ম্যানেজমেন্ট বিভাগ

## ➢ আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ

- ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ
- মাইনিং বিভাগ
- মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ
- মেরিন বায়োলজি বিভাগ
- জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ
- এনভায়রনমেন্টাল স্টাডিজ বিভাগ

## ➢ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ

- ওশান ইঞ্জিনিয়ারিং বিভাগ
- নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ
- মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ
- হারবার অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং বিভাগ
- ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ
- টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ
- কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যাকাট্রনিক্স বিভাগ

## ➢ জেনারেল স্টাডিস অনুষদ

- ইংরেজি বিভাগ
- গণিত বিভাগ
- পদার্থ বিজ্ঞান বিভাগ
- রসায়ন বিভাগ
- বায়োকেমিস্ট্রি বিভাগ
- সোশ্যাল সায়েন্স অ্যান্ড অ্যানথ্রোপলজি বিভাগ
- ম্যাটেরিয়াল সায়েন্স বিভাগ
- ইন্টারন্যাশনাল রিলেশনস বিভাগ
- ইতিহাস বিভাগ
- ল্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট বিভাগ

## ➢ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেটিক্স অনুষদ

- কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি বিভাগ
- সফটওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং বিভাগ
- ইনফরমেশন সিস্টেম সিকিউরিটি বিভাগ

## ➢ মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদ

- ম্যানেজমেন্ট বিভাগ
- একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগ
- ফিন্যান্স বিভাগ
- ইকোনমিকস বিভাগ
- মার্কেটিং বিভাগ
- মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ

## ➢ ইনস্টিটিউট

- ইনস্টিটিউট অব প্রফেশনাল ল্যাঙ্গুয়েজ
- ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ
- ইনস্টিটিউট অব রিনিউয়েবল এনার্জি অ্যান্ড মেরিন রিসোর্সেস
- ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট

## আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ

বাংলাদেশ ১৮ মার্চ, ২০১২ খ্রীষ্টাব্দে মিয়ানমার এবং ৭ জুলাই, ২০১৪ খ্রীষ্টাব্দে ভারতের সাথে আন্তর্জাতিক আদালতের মাধ্যমে বিরোধ নিষ্পত্তি করতঃ সমুদ্রসীমা নির্ধারণ করে ১,১৮,৮১৩ বর্গকিলোমিটার আয়তনের বিশাল জলরাশি অর্জন করে। ফলশ্রুতিতে বাংলাদেশ উক্ত সমুদ্র সম্পদকে কাজে লাগিয়ে দেশীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে সমুদ্র বিষয়ক উচ্চশিক্ষা ও গবেষণায় সমৃদ্ধি ও উৎকর্ষতা আনয়নে সমুদ্র সম্পদের সুষ্ঠু ব্যবহার ও সুনীল অর্থনীতির গুরুত্ব নিশ্চিত করতে এ বিশ্ববিদ্যালয়ের অধীনে জানুয়ারি ২০১৭ থেকে আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ যাত্রা শুরু করে। বর্তমানে এ অনুষদের অধীনে স্নাতক পর্যায়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষ হতে ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগে B.Sc. (Hons) in Oceanography প্রোগ্রাম, ২০১৯-২০ শিক্ষাবর্ষ হতে মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগে B.Sc. (Hons) in Marine Fisheries প্রোগ্রাম এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগে ২০১৮-১৯ শিক্ষাবর্ষ হতে Masters in Marine Biotechnology প্রোগ্রাম পরিচালনা করা হচ্ছে। এছাড়া ভবিষ্যতে এ অনুষদে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত বিভাগসমূহ খোলার পরিকল্পনা রয়েছে:

- মাইনিং বিভাগ
- মেরিন বায়োলজি বিভাগ
- এনভায়রনমেন্ট স্টাডিজ বিভাগ
- ল্যান্ড এডমিনিস্ট্রেশন ও ওয়েট ল্যান্ড অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট বিভাগ

### অনুষদের অধীন বিভাগ ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান

| বিভাগের নাম | প্রোগ্রাম | শিক্ষাবর্ষ | মোট শিক্ষার্থী |
|---|---|---|---|
| ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ | বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি | ২০১৬-১৭ | ২৯ |
| | | ২০১৭-১৮ | ৩৬ |
| | | ২০১৮-১৯ | ৪৭ |
| | | ২০১৯-২০ | ৩৯ |
| মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ | বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ | ২০১৯-২০ | ৩৩ |
| জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগ | মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি | ২০১৮-১৯ | ৪ |
| | | ২০১৯-২০ | ৭ |
| | অনুষদে মোট শিক্ষার্থী | | ১৯৫ |

### আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদের অধীন বিভাগসমূহের শিক্ষকবৃন্দ

১। ই. কমডোর এম জসিম উদ্দীন, (এইচ), বিএন, ডিন।

### ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ

১। ড. আফতাব আলম খান, অধ্যাপক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।

২। লে. কমান্ডার কামরুল আহ্সান, (এইচ ২), বিএনভিআর, সহকারী অধ্যাপক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।

৩। ড. এস. এম মোস্তাফিজুর রহমান, সহকারী অধ্যাপক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।

৪। মারুফা ইসহাক, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।

৫। মোঃ মাসুদ-উল-আলম, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।

৬। মোসা: ইসরাত জাহান মিলি, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।

৭। তাসপিয়া হামিদ, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।

৮। মোঃ আল আমিন, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।

### জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগ

১। ড. মুহাম্মদ নাজির হোসেন, সহযোগী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগ।

২। ড. মোঃ মোরশেদুল আলম, সহকারী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগ।

৩। ড. মিস মাহফুজা খাতুন, সহকারী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ।

### কর্মকর্তা পরিসংখ্যান

মাহ্দী হাসান, সেকশন অফিসার, ডিন অফিস, এফইওএস।

## অনুষদের একাডেমিক কার্যক্রম

### স্নাতক ১ম বর্ষের ভর্তির কার্যক্রম

ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের অধীনে বর্তমানে বিএসসি ইন ওশানোগ্রাফি প্রোগ্রামের চারটি ব্যাচের কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগে ২০২০-২১ শিক্ষাবর্ষে ৪র্থ ব্যাচের শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পাদনের জন্য নভেম্বর ২০১৯ হতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং মেধাতালিকার ভিত্তিতে ৪র্থ ব্যাচে ৩৫ জন শিক্ষার্থী ভর্তি করা হয়। এছাড়াও মেরিন ফিশারিজ ও অ্যাকুয়াকালচার বিভাগের অধীনে ২০১৯-২০ শিক্ষাবর্ষে বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ এর ১ম ব্যাচে ৩৫ জন শিক্ষার্থী ভর্তি করা হয়। গত ১২ জানুয়ারি ২০২০ এ ব্যাচের নবীন শিক্ষার্থীদের বরণ করার জন্য ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি, বিএন উপস্থিত ছিলেন।

### ল্যাব যন্ত্রপাতি ক্রয়

আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদের ল্যাবসমূহ সমৃদ্ধ করার মাধ্যমে ব্যবহারিক শিক্ষা ও গবেষণার কার্যক্রম যুগোপযোগী করণের নিমিত্তে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে ইতোমধ্যে মেরিন বায়োলজিক্যাল ল্যাব, বায়োলজিক্যাল ওশানোগ্রাফি ল্যাব ও মেরিন ফিশারিজ ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে। ল্যাবগুলোর জন্য বেশ কিছু সংখ্যক ল্যাব যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন করা হয়েছে।

# জেনারেল স্টাডিজ অনুষদ

জেনারেল স্টাডিজ অনুষদের একাডেমিক কার্যক্রম ইতোমধ্যে চালু রয়েছে যা বর্তমানে আর্থ অ্যান্ড ওশান সায়েন্সসহ বিভিন্ন অনুষদকে শিক্ষা কার্যক্রমে সহায়তা করছে। উক্ত অনুষদের অধীনে ইংরেজি, বাংলা, রসায়ন, পদার্থবিজ্ঞান এবং গণিত বিষয়ে মোট ১০ জন শিক্ষকের নিয়োগ প্রদান করা হয়েছে যারা বিভিন্ন অনুষদের বিভিন্ন বিভাগে সংশ্লিষ্ট কোর্সসমূহে পাঠদান করছেন। ভবিষ্যতে এ অনুষদে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত বিভাগ খোলার পরিকল্পনা রয়েছে:

- ইংরেজি বিভাগ
- গণিত বিভাগ
- পদার্থবিজ্ঞান বিভাগ
- রসায়ন বিভাগ
- বায়োক্যামিস্ট্রি বিভাগ
- সোশ্যাল সায়েন্স অ্যান্ড অ্যানথ্রোপলজি বিভাগ
- ম্যাটেরিয়াল সায়েন্স বিভাগ
- আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ
- ইতিহাস বিভাগ

## জেনারেল স্টাডিজ অনুষদের অধীন বিভাগসমূহের শিক্ষকবৃন্দ

১। ই. কমডোর এম জসিম উদ্দীন, (এইচ), বিএন, ডিন ।

২। ড. মরিয়াম বেগম, অধ্যাপক, ইংরেজি বিভাগ (চুক্তিভিত্তিক)।

৩। ড. মোহাম্মদ তানজিল হাসান, সহকারী অধ্যাপক, গণিত বিভাগ।

৪। ড. মোঃ আবুল হোসেন, সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান বিভাগ।

৫। ড. ফেরদৌসী বেগম, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ।

৬। জনাব খন্দকার আতিকুর রহমান, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ।

৭। জনাব রাজু আহম্মেদ, প্রভাষক, ইংরেজি বিভাগ।

৮। জনাব ফারহানা আক্তার, প্রভাষক, রসায়ন বিভাগ।

৯। জনাব নুসরাত জাহান, প্রভাষক, পদার্থবিজ্ঞান বিভাগ।

১০। জনাব স্বর্ণা দত্ত, প্রভাষক, বাংলা বিভাগ।

## জেনারেল স্টাডিজ অনুষদের অধীনে পরিচালিত ল্যাবসমূহ

জেনারেল স্টাডিজ অনুষদের অধীনে ব্যবহারিক প্রশিক্ষণের জন্য পদার্থ বিজ্ঞান ল্যাব, রসায়ন ল্যাব ও কেমিক্যাল ওশানোগ্রাফি ল্যাব বিদ্যমান আছে। এসব ল্যাবে ব্যবহারিক প্রশিক্ষণের সুযোগ সুবিধা ও পরিধি আরও বৃদ্ধির জন্য ২০১৯-২০২০ অর্থবছরে বেশ কিছু সংখ্যক ল্যাব যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন করা হয়েছে।

# মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ

## ওরিয়েন্টেশন প্রোগ্রাম (মাস্টার্স)- অক্টোবর ২০২০

মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদের অধীনে এলএলএম মেরিটাইম ল' প্রোগ্রামের ৬ষ্ঠ ব্যাচের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ভার্চুয়াল (অনলাইন) পদ্ধতিতে ০১ মার্চ ২০২১ আয়োজন করা হয়। প্রোগ্রামে রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অব.), ভাইস চ্যান্সেলর, বিএসএমআরএমইউ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে কমডোর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন, ডিন, এফএমবিএস স্বাগত বক্তব্য প্রদান করেন। অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, শিক্ষকগণ ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রোগ্রামে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন। প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা বিধিমালা, লাইব্রেরি নীতিমালা, নিরাপত্তা, পরীক্ষা বিধিমালা এবং বিশ্ববিদ্যালয়ের সার্বিক আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা হয়।

## বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান

| বিভাগ | প্রোগাম | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|
| মেরিটাইম ল' অ্যান্ড পলিসি | এলএলএম মেরিটাইম ল'- ৬ষ্ঠ ব্যাচ | ১২ | ০৮ | ০৪ |
| | এলএলএম মেরিটাইম ল'- ৫ম ব্যাচ | ১৩ | ১১ | ০২ |
| | এলএলএম মেরিটাইম ল'- ৪র্থ ব্যাচ | ১৩ | ১০ | ০৩ |
| | এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল'- ১ম ব্যাচ | ৩৫ | ১৯ | ১৬ |
| | এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল'- ২য় ব্যাচ | ৩৮ | ২৭ | ১১ |
| মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ | মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ | ০৮ | ০৮ | ০০ |
| | মোট শিক্ষার্থী সংখ্যা | ১১৯ | ৮৩ | ৩৬ |

## মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদের অধীন বিভাগসমূহের শিক্ষকবৃন্দ

১। ই. কমডোর সানাউল নোমান, এনইউপি, পিসিজিএমএস, বিএন, ডিন।

২। ড. মো. ফয়েজ উদ্দিন, অধ্যাপক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ (চুক্তিভিত্তিক)।

৩। ই. লে. কমান্ডার শারমিন সুলতানা, বিএন, সহকারী অধ্যাপক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ।

৪। জনাব মো. ছাইয়েদুল ইসলাম, সহকারী অধ্যাপক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ।

৫। জনাব মানছুরা আক্তার, সহকারী অধ্যাপক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ।

৬। ড. মো. আশরাফুল আলম, প্রভাষক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ।

৭। জনাব জেনিফার নেছা পপি, প্রভাষক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ (চুক্তিভিত্তিক)।

## কর্মকর্তা পরিসংখ্যান

১। মাহমুদা মালেক, সেকশন অফিসার।

# শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদ

## সেমিনার/ওয়ার্কশপ

বিশ্ববিদ্যালয়ের চলমান শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ১৯ অক্টোবর ২০২০ 'মেরিটাইম বিষয়ক স্কলার্স ও রিসোর্স পারসনের সমন্বয়ে ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন কর্তৃক "Impact of COVID-19 on the Ports and Shipping Sector of Bangladesh and Way Ahead" শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়। ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে অনলাইনে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি। ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। অনুষ্ঠানে নিম্নবর্ণিত শিক্ষক ও বিশেষজ্ঞগণ প্রবন্ধ উপস্থাপন করেন:

(1) Dr. Thanos Pallis, Professor, Department of Shipping Trade and Transport, University of the Aegean, Greece;

(2) Capt Nish Wijayakulathilaka, Vice President, Nautical Institute, IMO Goodwill Maritime Ambassador;

(3) Biju Ninan Oommen, Senior Port & Maritime Transport Specialist, World Bank, Singapore;

(4) Adson Hofman, Area Manager, South East Asia Region, STC International, Netherlands;

(5) Rear Admiral A S M Abdul Baten (Rtd) BN, Secretary General, Bangladesh Ocean Going Ship Owners' Association;

(6) Md. Zafar Alam, Member (Admin and Planning), Chittagong Port Authority



ওয়েবিনারের আমন্ত্রিত বিশেষজ্ঞ ও শিক্ষাবিদগণ

এছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থীসহ দেশি-বিদেশি গণ্যমান্য বিশেষজ্ঞ ও ব্যক্তিবর্গ ওয়েবিনারে অংশগ্রহণ করেন। সভায় বাংলাদেশের শিপিং সেক্টরসহ সমগ্র বিশ্বের শিপিং সেক্টরে প্রাণঘাতী করোনার প্রভাব নিয়ে সবিস্তারে আলোচনা করা হয়।

মেরিটাইম বিষয়ক এ ওয়েবিনার BSMRMU ও দেশ-বিদেশের স্বনামধন্য মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে আন্তঃসংযোগ ও সম্পর্ক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের পাশাপাশি শিক্ষার্থীদের মেরিটাইম বিষয়ক জ্ঞান ও দক্ষতা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।

অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন কমোডর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন, ডিন ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন এবং মডারেটর হিসেবে দায়িত্ব পালন করেন অধ্যাপক ক্যাপ্টেন কাজী আলী ইমাম, বিভাগীয় প্রধান, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট। এছাড়া বর্ণিত এ ওয়েবিনারটি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশনের অধীনে কর্মরত শিক্ষকবৃন্দ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

## ইন্ডাস্ট্রি সেমিনার

শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদের অধীনে ০৬ মে ২০২১ Signal Ocean Group, Greece কর্তৃক "Data and Technology in Commercial Shipping" শীর্ষক একটি ইন্ডাস্ট্রি সেমিনার আয়োজন করা হয়। এ ইন্ডাস্ট্রি সেমিনারে Signal Ocean Group এর ভাইস প্রেসিডেন্ট, সেলস্ Mrs. Semiramis Assimakopoulou, AIS application in commercial shipping, vessel fixture, port congestion reduction ইত্যাদি বিষয়ে মূল্যবান উপস্থাপনা প্রদান করেন। সেমিনারে BSMRMU এর পক্ষ থেকে কমডোর মোহাম্মদ সাজেদুল করিম, ডিন, এফএসএ এবং ক্যাপ্টেন কাজী আলী ইমাম, বিভাগীয় প্রধান, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে বিভাগীয় শিক্ষকবৃন্দ এবং শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

## আলোকচিত্র প্রদর্শনী

ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন ও বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে BSMRMU এর "Photography Club" কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর কর্মময় জীবনের উপর ভিত্তি করে একটি আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। উল্লিখিত এ আলোকচিত্র প্রদর্শনীতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন এবং প্রধান অতিথি ও পর্যবেক্ষক হিসেবে ভাইস চ্যান্সেলর মহোদয়, রেজিস্ট্রার, ট্রেজারারসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। বঙ্গবন্ধুর জীবনের নানা ক্ষেত্রের বিভিন্ন আলোকচিত্র এ অনুষ্ঠানে তুলে ধরা হয়। প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের পুরস্কৃত করা হয়।

## প্রমোশন ক্যাম্প

Maritime Technology Cooperation Centre for Asia (MTCC-Asia), Shanghai Maritime University (SMU) এবং Bangabandhu Sheikh Mujibur Rahman Maritime University (BSMRMU) এর যৌথ উদ্যোগে ১৪ ডিসেম্বর ২০২০ "Virtual Regional Ship Energy Efficiency Technology" শীর্ষক একটি প্রমোশন ক্যাম্প অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে MTCC এর পক্ষে স্বাগত বক্তব্য প্রদান করেন Prof. Jin Yongxing, Director of MTCC-Asia, Honorary Chair of IMLA এবং BSMRMU এর পক্ষে স্বাগত বক্তব্য প্রদান করেন Prof. Capt. Kazi Ali Imam, HoD, Dept. of Port and Shipping Management.

এ ক্যাম্পেইনে রিসোর্স পারসন হিসেবে Capt. Wang Deling, Associate Professors; Li Fei, Technical officer of MTCC-Asia; Prof. Zeng Xiangming, Senior instructor of MMC-SMU; Md Monjurul Karim, Chief Engineer and Ship Surveyor, Depertment of Shipping, Bangladesh তাদের মূল্যবান বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে বিভাগীয় শিক্ষকবৃন্দ এবং শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

# একাডেমিক কার্যক্রম

## মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট

শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদের অধীন উল্লিখিত এ প্রোগ্রামের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বর্তমানে ৫ম ও ৬ষ্ঠ ২টি ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান। বর্তমানে ৫ম ব্যাচের ২য় ও ৩য় সেমিস্টার ও ৬ষ্ঠ ব্যাচের ১ম সেমিস্টারের পাঠদান কার্যক্রম অনলাইনে চলমান রয়েছে। তবে ৫ম ব্যাচের ২য় ও ৩য় সেমিস্টারের টার্ম ফাইনাল পরীক্ষা কোভিড-১৯ পরিস্থিতির কারণে স্থগিত রয়েছে। অধিকন্তু ৪র্থ ব্যাচের ৩য় সেমিস্টারের ফাইনাল পরীক্ষা হলেও ফলাফল প্রকাশ প্রক্রিয়াধীন রয়েছে।

## বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্

শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদের অধীন উল্লিখিত এ প্রোগ্রামের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ২টি ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান। বর্তমানে ১ম ব্যাচের ২য় বর্ষের ১ম ও ২য় সেমিস্টার এবং ২য় ব্যাচের ১ম বর্ষের ১ম ও ২য় সেমিস্টারের পাঠদান শেষ হয়েছে। টার্ম ফাইনাল পরীক্ষা করোনা পরিস্থিতির কারণে স্থগিত রয়েছে এবং নতুন ব্যাচ (৩য় ব্যাচ; শিক্ষাবর্ষ ২০২১-২০২২) এ ভর্তি প্রক্রিয়া চলমান রয়েছে।

## মাস্টার ইন মেরিটাইম সায়েন্স

শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদের অধীন মাস্টার ইন মেরিটাইম সায়েন্স প্রোগ্রামের ২য় ব্যাচের ২য় ও ৩য় সেমিস্টারের একাডেমিক কার্যক্রম চলমান। বর্তমান কোভিড-১৯ পরিস্থিতির কারণে ২য় ও ৩য় সেমিস্টারের টার্ম ফাইনাল পরীক্ষা স্থগিত রয়েছে এবং নতুন ব্যাচ (৩য় ব্যাচ; শিক্ষাবর্ষ ২০২০-২০২১) এ ভর্তি প্রক্রিয়া চলমান রয়েছে।

## ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ

শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদের অধীনে পরিচালিত এটি একটি বিশেষ স্নাতক প্রোগ্রাম যা বাংলাদেশ মেরিন একাডেমির ১-২৬ তম ব্যাচের এক্স ক্যাডেটদের জন্য প্রযোজ্য। বর্তমানে উল্লিখিত এ প্রোগ্রামের ২য় ব্যাচের ২য় সেমিস্টারের একাডেমিক কার্যক্রম চলমান। মার্চ ২০২১ এ প্রোগ্রামের ১ম সেমিস্টারের টার্ম ফাইনাল পরীক্ষা গ্রহণ করা হয় এবং ২য় সেমিস্টারের অনলাইন পাঠদান চলমান রয়েছে।

## শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদের অধীন বিভাগসমূহের শিক্ষকবৃন্দ

কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন, ডিন।

## পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমন্টে বিভাগ

১। ক্যাপ্টেন কাজী আলী ইমাম, অধ্যাপক।

২। মিসেস হালিমা বেগম, সহযোগী অধ্যাপক।

৩। কমান্ডার এম দুরুল হুদা, (এন), বিসিজিএম, বিএন, সহযোগী অধ্যাপক।

৪। জনাব খন্দকার রাসেল হাসান, সহকারী অধ্যাপক।

৫। জনাব মোহাম্মদ মুজাহেদ হোসেন চৌধুরী, সহকারী অধ্যাপক।

৬। জনাব মোঃ মোস্তফা আজিজ শাহীন, প্রভাষক।

৭। জনাব সুনন্দা মজুমদার, প্রভাষক।

## মেরিটাইম সায়েন্স বিভাগ

১। জনাব মোঃ আরিফ মাহমুদ, সহকারী অধ্যাপক।

২। জনাব দেওয়ান মাজহারুল ইসলাম, প্রভাষক।

৩। জনাব মোঃ নাজমুস সাকিব, প্রভাষক।

## খণ্ডকালীন শিক্ষকবৃন্দ

১। জনাব আহমেদুল করিম চৌধুরী, টার্মিনাল ম্যানেজার, ঢাকা ইনল্যান্ড কনটেইনার ডিপো (আইসিডি)।

২। জনাব আবু হেলাল মোঃ আব্দুল বাকী, অধ্যাপক, জিওগ্রাফি অ্যান্ড ইনভাইরোনমেন্ট ডিপার্টমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৩। জনাব রিয়াজ হাসান খন্দকার, অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং, এমআইএসটি।

৪। জনাব আব্দুস সালাম আকন্দ, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়।

## কর্মকর্তা পরিসংখ্যান

১। মাহমুদা বেগম, সেকশন অফিসার।

## বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান

| বিভাগ | প্রোগ্রাম | ব্যাচ ও শিক্ষাবর্ষ | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | ৪র্থ ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯) | ১৭ | ১৭ | ০ |
| | | ৫ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯) | ১৬ | ১৫ | ১ |
| | | ৬ষ্ঠ ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২০-২০২১) | ৩০ | ২৮ | ২ |
| | বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্ | ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) | ৩৪ | ২৪ | ১০ |
| | | ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২০-২০২১) | ৩৭ | ২৫ | ১২ |
| মেরিটাই সায়েন্স | মাস্টার ইন মেরিটাইম সায়েন্স | ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯) | ৭ | ৫ | ২ |
| | | ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) | ৯ | ৭ | ২ |
| | ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ | ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২১-২০২২) | ১৮ | ১৮ | ০ |
| | | **মোট শিক্ষার্থী সংখ্যা** | **১৬৮** | **১৩৯** | **২৯** |

## অধিভুক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম

BSMRMU এর অধিভুক্ত ও শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদের তত্ত্বাবধানে বর্তমানে ২টি অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমি এবং মেরিন ফিশারিজ একাডেমির কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বাংলাদেশ মেরিন একাডেমির ৫৬ তম ব্যাচ ও মেরিন ফিশারিজ একাডেমির ৪২ তম ব্যাচের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ইন্টারন্যাশনাল মেরিন একাডেমিকে অত্র বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তকরণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

# মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদ

## ওরিয়েন্টেশন প্রোগ্রাম (মাস্টার্স) - অক্টোবর ২০২০

মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদের অধীনে এমবিএ ইন মেরিটাইম বিজনেস প্রোগ্রামের ৪র্থ ব্যাচের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ০১ মার্চ ২০২১ ভার্চুয়াল (অনলাইন) পদ্ধতিতে আয়োজন করা হয়। রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অব.), ভাইস চ্যান্সেলর, বিএসএমআরএমইউ এ প্রোগ্রামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কমডোর আনিছুর রহমান মোল্লা, ডিন, এফএমবিএস ওরিয়েন্টেশন প্রোগ্রামে স্বাগত বক্তব্য প্রদান করেন। অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, সকল ডিন, শিক্ষকগণ ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রোগ্রামে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন। প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা বিধিমালা, লাইব্রেরি নীতিমালা, নিরাপত্তা, পরীক্ষা বিধিমালা এবং বিশ্ববিদ্যালয়ের সার্বিক আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা হয়।

# একাডেমিক কার্যক্রম

## এমবিএ ইন মেরিটাইম বিজনেস

মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদের অধীনে উল্লিখিত প্রোগ্রামের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বর্তমানে ২য়, ৩য় ও ৪র্থ মোট ৩টি ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান। বর্তমানে ৪র্থ ব্যাচের ১ম সেমিস্টারের পাঠদান চলমান রয়েছে। তবে ২য় ব্যাচের ৪র্থ সেমিস্টার ও ৩য় ব্যাচের ২য় এবং ৩য় সেমিস্টারের টার্ম ফাইনাল পরীক্ষা করোনা পরিস্থিতির কারণে স্থগিত রয়েছে।

## এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট

মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদের অধীন উল্লিখিত এ প্রোগ্রামের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বর্তমানে ১ম ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান। বর্তমানে নতুন ব্যাচে (২য় ব্যাচ; শিক্ষাবর্ষ ২০২০-২০২১) ভর্তি প্রক্রিয়া চলমান। ১ম ব্যাচের ২য় এবং ৩য় সেমিস্টারের পাঠদান কার্যক্রম সম্পন্ন হয়েছে। তবে টার্ম ফাইনাল পরীক্ষা করোনা পরিস্থিতির কারণে স্থগিত রয়েছে।

## মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদের অধীন বিভাগসমূহের শিক্ষকবৃন্দ

১। কমডোর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন, ডিন ।

২। ড. সৈয়দ রাশিদুল হাসান, অধ্যাপক, মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ।

৩। জনাব ওয়াহিদুল শেখ, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ।

৪। জনাব মোহাম্মদ মমতাজুল হক আজাদ, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ।

৫। জনাব আরিফুল ইসলাম, প্রভাষক, একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগ।

৬। জনাব শাহনাজ আক্তার, প্রভাষক, একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগ।

৭। জনাব এমরানুল হক, প্রভাষক, একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগ।

## খণ্ডকালীন শিক্ষকবৃন্দ

১। ড. মীর আব্দুল শফীক, অধ্যাপক, ট্যুরিজম ম্যানেজমেন্ট বিভাগ, ইউনিভার্সিটি অব বর্ধমান, ভারত।

২। ড. মোহাম্মদ মাছুম ইকবাল, অধ্যাপক, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট, ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

৩। জনাব মোঃ আছাদুজ্জামান, সহযোগী অধ্যাপক, এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটি, ঢাকা।

৪। ড. মোহাম্মদ মেজবাহ উদ্দিন, সহযোগী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৫। ড. এম কামরুল হাসান, সহযোগী অধ্যাপক, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৬। মিসেস সায়রা বানু, সহযোগী অধ্যাপক, ব্যাবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৭। জনাব মোহাম্মদ সাইফুল হাসান, উপ পরিচালক, রিসার্স অ্যান্ড প্ল্যানিং, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড।

৮। ড. আবুল বাশার, সহকারী অধ্যাপক, ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি।

৯। জনাব খাইরুল আলম, সহকারী অধ্যাপক, বিজনেস স্কুল, সাউথইস্ট ইউনিভার্সিটি, ঢাকা।

১০। জনাব মাছুদ রানা, সহকারী অধ্যাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়।

## কর্মকর্তা পরিসংখ্যান

মাহমুদা বেগম, সেকশন অফিসার, এফএমবিএস (অতিরিক্ত দায়িত্ব)।

## বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান।

| বিভাগ | প্রোগ্রাম | ব্যাচ ও শিক্ষাবর্ষ | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| ব্যবস্থাপনা বিভাগ | এমবিএ ইন মেরিটাইম বিজনেস | ৪র্থ ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২০-২০২১) | ০৮ | ০৪ | ০৪ |
| | | ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) | ০৮ | ০৬ | ০২ |
| | | ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ:২০১৮-২০১৯) | ০৫ | ০৩ | ০২ |
| মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ | এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) | ০৫ | ০৩ | ০২ |
| | | **মোট শিক্ষার্থী সংখ্যা** | **২৬** | **১৬** | **১০** |

# ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ

চলমান মহামারি কোভিড-১৯ এর প্রভাবে জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় অত্র অনুষদে কোন ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ ও শিক্ষাসফর আয়োজন করা সম্ভব হয়নি। তবে নিয়মিত অনলাইন শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে।

## একাডেমিক কার্যক্রম

বর্তমানে অত্র অনুষদের অধীন বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ১ম, ২য় ও ৩য় ব্যাচের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া মাস্টার ইন কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং কোর্সটির কারিকুলাম/সিলেবাস চূড়ান্ত করা হয়েছে এবং এ প্রোগ্রামে ১ম ব্যাচে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম চলমান রয়েছে।

## ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের অধীন বিভাগসমূহের শিক্ষকবৃন্দ

১। কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, এনজিপি, এফডিসি, পিএসসি, (অব.), বিএন, ডিন (চুক্তিভিত্তিক)।

২। ড. মোঃ সাদিকুল বারী, অধ্যাপক, বিভাগীয় প্রধান, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ, (চুক্তিভিত্তিক)।

৩। মোঃ সাঈদী হাসান, সহকারী অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ।

৪। আহনাফ রহমান, প্রভাষক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ।

৫। মেহরান ইসলাম, প্রভাষক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ।

## খণ্ডকালীন শিক্ষকবৃন্দ

১। ড. মীর তারেক আলী, অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট।

২। গৌতম কুমার সাহা, অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট।

৩। ড. আহমেদ যুবায়ের, সহকারী অধ্যাপক, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট।

৪। মোঃ এরশাদুল হক, সহকারী অধ্যাপক, পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৫। মোঃ আসাদুজ্জামান, সহকারী অধ্যাপক, গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৬। মোঃ তুষার আহমেদ, সহকারী অধ্যাপক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট।

৭। খায়রুল আলম, সহকারী অধ্যাপক, এমবিএ প্রোগ্রাম, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল (বিইউপি)।

৮। মোঃ হাবিবুর রহমান, প্রভাষক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং, বুয়েট।

## বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান

| বিভাগ | প্রোগ্রাম | ১ম ব্যাচ | | ২য় ব্যাচ | | ৩য় ব্যাচ | | মোট শিক্ষার্থী |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট ছাত্র | মোট ছাত্রী | মোট ছাত্র | মোট ছাত্রী | মোট ছাত্র | মোট ছাত্রী | |
| নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং | নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং | ২২ | ০৫ | ৩০ | ০৬ | ২৪ | ১১ | ৯৮ |

## বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম

গবেষণা ও প্রকাশনা বিশ্ববিদ্যালয়ের একটি গুরুত্বপূর্ণ অধ্যায় এবং মানদণ্ডের সহায়ক হিসেবে কাজ করে। এ ব্যাপারে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং এ বিশ্ববিদ্যালয়ের সিনেট গবেষণা ও মানসম্মত প্রকাশনার ব্যাপারে যথাযথ দিক নির্দেশনা ও গুরুত্বারোপ করেছে। শিক্ষকগণের চাকরিক্ষেত্রে গবেষণা ও মানসম্মত প্রকাশনার গুরুত্ব অপরিসীম। একজন শিক্ষকের নিয়োগ হতে শুরু করে পদোন্নতিসহ সকল পর্যায়েই গবেষণা এবং প্রকাশনার বিষয়টি আমলে নেয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের গবেষণা ও প্রকাশনার ব্যয় বরাদ্দ, বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বাজেট মিটিং-এ উপস্থাপনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত হয়। গবেষণা ও প্রকাশনা খাতে বিশ্ববিদ্যালয়ের মূল বাজেটের শতকরা ৩ থেকে ৪ ভাগ হারে বরাদ্দের মাধ্যমে মোট গবেষণা খাতের অর্থ মঞ্জুর করা হয়। শিক্ষকগণ তাদের নিজ নিজ গবেষণা প্রকল্পসমূহ দাখিল করেন এবং সম্ভাব্য ব্যয় এবং হিসাব নিজ নিজ ডিন অফিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের পোস্ট গ্রাজুয়েশন রিসার্চ সেন্টারে প্রেরণ করেন। বাছাইকৃত প্রকল্পসমূহ অনুমোদনের পর গবেষকগণকে চারটি সমান কিস্তিতে গবেষণা বরাদ্দ প্রদান করা হয়। এছাড়া বিশ্ববিদ্যালয়ের গবেষণাখাতে অতিরিক্ত অর্থ প্রয়োজন হলে তা ন্যায্যতা যাচাইপূর্বক বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ছাড় করা হয়ে থাকে।

### বিশ্ববিদ্যালয়ে বর্তমানে নিম্নবর্ণিত গবেষণা কার্যক্রমসমূহ চলমান রয়েছেঃ

- Analysis of water quality parameters of seawater in different areas of Bay of Bengal.
- Evaluation of satellite derived ocean chlorophyl -1a in the EEZ of Bangladesh.
- Isolation, identification and characterization of marine bioactive compounds from sea weeds (isolated for Bay of Bengal) and screening of their pharmacological effect in murine model and microbes.
- Fisheries diversity and environmental variables in mangrove forest, Bangladesh.
- Numerical simulation and assessment of transport refrigeration vehicle performance of Bangladesh.
- Impact of COVID-19 on blue economy of Bangladesh: challenges and road-map for recovery.
- An appraisal of gas hydrate occurrence and natural gas potential in the Bay of Bengal, Bangladesh.
- Governance perspective of the blue economy in the Bay of Bengal: need to establish a regulatory framework and institutional approaches.
- Developing a corpus of maritime english in Bangladeshi context.
- Suspended and dead load of sediment transport in Rabnabad channel flowing towards BoB and their impact on element cycling.
- A historical evaluation of ship building heritage in the Bengal region: A Geographical Perspective.
- Role of fisheries access agreements for sustainable Exclusive Economic Zone fishing in Bangladesh.

# উপাচার্য সচিবালয়ের কার্যক্রম

## বিএসএমআরএমইউ এর অস্থায়ী ভবন (পদ্মা) এর আনুষ্ঠানিক উদ্বোধন



পদ্মা ভবন উদ্বোধনকালে মাননীয় উপাচার্য, শিক্ষক ও কর্মকর্তা বৃন্দ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণ উপলক্ষ্যে ইউজিসির অনুমোদনক্রমে বর্তমান অস্থায়ী ক্যাম্পাসের নিকটে আরেকটি ভবনের (পদ্মা ভবন) ৪টি ফ্লোর (৩য়-৬ষ্ঠ) ভাড়ায় নেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর ভবনটির কার্যক্রম আনুষ্ঠানিকভাবে ০৫ জুলাই ২০২০ তারিখে উদ্বোধন করেন। এ ভবনে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম আরও সম্প্রসারিত হয়েছে।

## "Sailing for Bangabandhu's Maritime Bangladesh- Vision Inspiration & Realisation..." শীর্ষক একটি বিশেষ ও llustrative Maritime Journal প্রকাশ



মাননীয় শিক্ষামন্ত্রীকে বিশেষ প্রকাশনা হস্তান্তর করছেন
ভাইস-চ্যান্সেলর মহোদয়

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ কর্তৃক "Sailing for Bangabandhu's Maritime Bangladesh- Vision Inspiration & Realisation..." শীর্ষক একটি বিশেষ Illustrative Maritime Journal প্রকাশিত হয়। মেরিটাইম বাংলাদেশ গঠনে জাতির পিতার অদম্য চেতনা ও দূরদৃষ্টির জন্য তাঁর প্রতি সম্মানার্থে প্রকাশনাটি উৎসর্গ করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহামান্য রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মাননীয় শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনিকে প্রকাশনাটি হস্তান্তর করা হয়। এছাড়াও সরকারি বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর, সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়, গ্রন্থাগারসহ নানা গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে প্রকাশনাটির সৌজন্য কপি প্রেরণ করা হয়।

## বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সাথে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ আবু তাহেরের সৌজন্য সাক্ষাৎ



সৌজন্য সাক্ষাৎ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ আবু তাহের একটি প্রতিনিধিদলসহ ১৫ নভেম্বর ২০২০ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এ আগমন করেন এবং বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেন। সাক্ষাতে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের কাজসহ বিভিন্ন একাডেমিক ও প্রশাসনিক বিষয়ে আলোচনা করা হয়।

## জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় আয়োজিত "বঙ্গবন্ধু ও নদীমাতৃক বাংলাদেশ" শীর্ষক সেমিনারে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের মূল প্রবন্ধ উপস্থাপন




সেমিনারে অতিথিদের দলগত ছবি



সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করছেন ভাইস-চ্যান্সেলর মহোদয়

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ২৯ নভেম্বর ২০২০, রোববার দুপুরে রাজধানীর সোনারগাঁও হোটেলে নৌপরিবহন মন্ত্রণালয় আয়োজিত 'বঙ্গবন্ধু ও নদীমাতৃক বাংলাদেশ' শীর্ষক সেমিনারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে মাননীয় তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বক্তব্য প্রদান করেন এবং মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন। নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। এছাড়াও সেমিনারে আলোচনা করেন বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের চেয়ারম্যান কমডোর গোলাম সাদেক, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিংয়ের উর্ধ্বতন পানিসম্পদ বিশেষজ্ঞ সাইফুল আলম, বুয়েটের পানিসম্পদ প্রকৌশল বিভাগের অধ্যাপক মো. আতাউর রহমান প্রমুখ। নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর এ জেড এম জালাল উদ্দিন অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

## ভার্চুয়াল ক্লাস রুমের উদ্বোধন



ভার্চুয়াল ক্লাশরুম উদ্বোধনকালে ভাইস চ্যান্সেলর মহোদয়

২৮ মার্চ ২০২১ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল অস্থায়ী ভবন (মেঘনা) এর ১০ম তলায় একটি আধুনিক প্রযুক্তি ও সুবিধাসম্পন্ন ভার্চুয়াল ক্লাসরুমের উদ্বোধন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার, ডিন ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## রেজিস্ট্রার দপ্তর (এডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশিপ সেকশন) সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের এডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশিপ সেকশনে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন, এডমিশন, একাডেমিক ও স্কলারশিপের কার্য সম্পাদন করা হয়।

### ২০২০-২০২১ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া

অত্র বিশ্ববিদ্যালয়ের এবং অধিভুক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়ার বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হলো:

| ক্রমিক | প্রোগ্রামের নাম | শিক্ষাবর্ষ | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ১. | মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট- ৬ষ্ঠ ব্যাচ | ২০২০-২০২১ | ২৮ জন |
| ২. | এলএলএম মেরিটাইম ল'- ৬ষ্ঠ ব্যাচ | ২০২০-২০২১ | ১২ জন |
| ৩. | মাস্টার ইন মেরিটাইম বিজনেস- ৪র্থ ব্যাচ | ২০২০-২০২১ | ০৮ জন |
| ৪. | মাস্টার্স ইন মেরিটাইম সায়েন্স- ৩য় ব্যাচ | ২০২০-২০২১ | ১৮ জন |
| ৫. | মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি- ৩য় ব্যাচ | ২০২০-২০২১ | ০৬ জন |
| ৬. | এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট- ২য় ব্যাচ | ২০২০-২০২১ | ০৬ জন |
| ৭. | মাস্টার্স ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ- ২য় ব্যাচ | ২০২০-২০২১ | ০৫ জন |
| ৮. | মাস্টার্স ইন কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং- ১ম ব্যাচ | ২০২০-২০২১ | ০৫ জন |
| ৯. | বিএমএস নটিক্যাল- ৫৬তম ব্যাচ<br>(অধিভুক্ত প্রতিষ্ঠান - বাংলাদেশ মেরিন একাডেমি) | ২০২০-২০২১ | ১৯০ জন |
| ১০. | বিএমএস ইঞ্জিনিয়ারিং- ৫৬তম ব্যাচ<br>(অধিভুক্ত প্রতিষ্ঠান- বাংলাদেশ মেরিন একাডেমি) | ২০২০-২০২১ | ১৮৬ জন |
| ১১. | বিএসসি (অনার্স) ইন নটিক্যাল সায়েন্স- ৪১ তম ব্যাচ<br>(অধিভুক্ত প্রতিষ্ঠান- মেরিন ফিশারিজ একাডেমি) | ২০১৯-২০২০ | ৩৫ জন |
| ১২. | বিএসসি (অনার্স) ইন মেরিন ইঞ্জিনিয়ারিং- ৪১ তম ব্যাচ<br>(অধিভুক্ত প্রতিষ্ঠান- মেরিন ফিশারিজ একাডেমি) | ২০১৯-২০২০ | ৩৩ জন |
| ১৩. | বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ- ৪১ তম ব্যাচ<br>(অধিভুক্ত প্রতিষ্ঠান- মেরিন ফিশারিজ একাডেমি) | ২০১৯-২০২০ | ২৫ জন |
| | | **মোট =** | **৫৫৭ জন** |

### ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয়ের অসচ্ছল শিক্ষার্থীকে বিশেষ বিবেচনায় বিএসএমআরএমইউ বৃত্তি (স্টাইপেন্ড) প্রদান

বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১২৯ জন অসচ্ছল শিক্ষার্থীকে করোনা কালীন সময়ে বিশেষ বিবেচনায় বিএসএমআরএমইউ বৃত্তি (স্টাইপেন্ড) প্রদান করা হয়।

### ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ইউজিসি কর্তৃক অনুমোদন প্রাপ্ত প্রোগ্রাম ও ইনস্টিটিউটসমূহের সংখ্যা

অত্র বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে নতুন ২টি মাস্টার্স প্রোগ্রাম ইউজিসি কর্তৃক অনুমোদন প্রাপ্ত হয়। বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হলো:

| ক্রমিক | প্রোগ্রাম | অনুমোদনের তারিখ |
|---|---|---|
| ১. | MSc. in Oceanography | ২৫ অক্টোবর ২০২০ |
| ২. | MSc. in Naval Architecture & Offshore Engineering | ২৫ অক্টোবর ২০২০ |

# রেজিস্ট্রার দপ্তর কর্তৃক আয়োজিত অনুষ্ঠান ও কর্মকাণ্ড

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উপলক্ষ্যে বৃক্ষ রোপণ



বৃক্ষরোপণ কর্মসূচি পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে দেশব্যাপী এক কোটি বৃক্ষের চারা রোপণ কর্মসূচীর অংশ হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে ২৭ জুলাই ২০২০ তারিখে বৃক্ষের চারা রোপণ করেন। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে ১০০ টি চারা রোপণ করা হয়।

## জাতীয় শোক দিবস পালন



জাতীয় শোক দিবসে পুষ্পস্তবক অর্পণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবালের নেতৃত্বে একটি প্রতিনিধিদল ঢাকার ধানমন্ডিস্থ ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণের পর মহান নেতার প্রতি শ্রদ্ধা জানাতে প্রতিনিধিদল কিছুটা সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ের পল্লবীস্থ ক্যাম্পাসের অডিটরিয়ামে সামাজিক দূরত্ব বজায় রেখে জাতির পিতার জীবনীর উপর প্রবন্ধ উপস্থাপন ও আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ও স্মারক বক্তা হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. জিনাত হুদা। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

সবশেষে জাতির পিতাসহ তাঁর পরিবারের সকল শহীদদের রুহের মাগফিরাত কামনা ও দেশ, জাতি এবং বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়। এছাড়াও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সপ্তাহব্যাপী গরীব-দুস্থদের মাঝে খাবার বিতরণ করা হয়।

## “Blue Economy in Post Covid-19 Era: Resilience Strategies for the Coastal States” শীর্ষক ওয়েবিনার আয়োজন



ওয়েবিনারে মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, উপাচার্য মহোদয় এবং বিশেষজ্ঞগণ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি কর্তৃক “Blue Economy in Post Covid-19 Era: Resilience Strategies for the Coastal States”-শীর্ষক ওয়েবিনার ১০ ডিসেম্বর ২০২০ তারিখে আয়োজন করা হয়। ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি ও বিশেষ অতিথি হিসেবে মাননীয় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, এমপি উপস্থিত ছিলেন। ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। মাননীয় পররাষ্ট্রমন্ত্রী তার বক্তব্যে ব্লু-ইকোনমি ক্ষেত্রে আঞ্চলিক ও পারস্পরিক সহযোগিতার উপর জোর দেন এবং মেরিটাইম শিক্ষা ও গবেষণার উপর গুরুত্বারোপ করেন। শিক্ষা উপমন্ত্রী তার বক্তব্যে ২০২১ সাল থেকে ইউনেস্কো কর্তৃক ঘোষিত ডিকেড অব ওশান সায়েন্স-এর ব্যাপারে উল্লেখ করেন এবং এক্ষেত্রে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির তাৎপর্যপূর্ণ ভূমিকার উপর আলোকপাত করেন। হাওয়াই ইউনিভার্সিটি, ইস্ট-ওয়েস্ট সেন্টার এবং এশিয়া-প্যাসেফিক সেন্টার ফর সিকিউরিটি স্টাডিজসহ হাওয়াই-এর স্বনামধন্য একাডেমিক ও গবেষকবৃন্দ ওয়েবিনারে অংশগ্রহণ করে। ওয়েবিনারে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের সচিব রিয়ার এডমিরাল (অব.) এম খুরশিদ আলম, এম্বাসেডর ফারুক সোবহান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ সহ হাওয়াই-এর ইস্ট-ওয়েস্ট সেন্টারের প্রেসিডেন্ট ড. রিচার্ড আর ভুলিস্টেক, এশিয়া-প্যাসেফিক সেন্টার ফর সিকিউরিটি স্টাডিজের ডিরেক্টর রিয়ার এডমিরাল পিটার গুয়ামাটাওটাও, হাওয়াই ইউনিভার্সিটির চ্যান্সেলর মিস বনি আরউইনসহ বিভিন্ন প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের মেরিটাইম ও নিরাপত্তা বিশেষজ্ঞ ও শিক্ষাবিদগণ বক্তব্য রাখেন। বক্তাগণ তাদের বক্তব্যে এশিয়া প্যাসেফিক অঞ্চলের উপকূলীয় দেশগুলোতে কোভিড-১৯ পরবর্তী সময়ে ব্লু-ইকোনমির ক্ষেত্রে সম্ভাব্য চ্যালেঞ্জসমূহ শনাক্তকরণ ও এসকল চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় সম্পর্কে আলোকপাত করেন।

## যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস-২০২০ উদ্‌যাপন



মহান বিজয় দিবসে অতিথি বক্তাসহ মাননীয় উপাচার্য

বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে যথাযোগ্য মর্যাদায় সামাজিক দূরত্ব বজায় রেখে ১৬ ডিসেম্বর ২০২০ তারিখে মহান বিজয় দিবস উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অব.)। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। দিনের কর্মসূচি আরম্ভ হয় সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে। অনুষ্ঠানে অতিথি বক্তা হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন প্রো ভাইস-চ্যান্সেলর (এডমিন) ড. নাসরিন আহম্মেদ। বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাবের আয়োজনে বিজয় দিবসের চেতনায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিজয় দিবসের উপর প্রামান্যচিত্রও প্রদর্শনী করা হয়। এছাড়াও, অনুষ্ঠানে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত সকল প্রতিযোগিতার বিজয়ীদের নাম ঘোষণা করা হয় ও পুরস্কার বিতরণ করা হয়।

## শীতবস্ত্র বিতরণ



শীতবস্ত্র বিতরণ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিএসএমআরএমইউ)-এর আয়োজনে রাজধানীর মিরপুরের দুটি মাদ্রাসায় শিক্ষার্থীদের মাঝে যথাযথ সামাজিক দূরত্ব বজায় রেখে ১০ জানুয়ারি ২০২১ তারিখে শীতবস্ত্র বিতরণ করা হয়। কর্মসূচিতে উপস্থিত থেকে শীতবস্ত্র ও কম্বল বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অব.)। এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মসূচীর মাধ্যমে প্রায় ৪০০ জন শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র ও কম্বল বিতরণ করা হয়।

## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২১ উদ্‌যাপন





মহান শহিদ দিবসে উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণ ও স্মারক উপহার প্রদান

বিশ্ববিদ্যালয়ের যথাযোগ্য মর্যাদায় অস্থায়ী ক্যাম্পাসে স্মৃতিবহ মহান শহিদ দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে। ভোরে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধি দলসহ কেন্দ্রীয় শহিদ মিনারে ভাষা শহিদদের প্রতি সম্মানার্থে পুষ্পস্তবক অর্পণ করেন। এছাড়া মাতৃভাষা দিবস উদ্‌যাপনের লক্ষ্যে ভাষা আন্দোলন ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রেক্ষাপটে বিশ্ববিদ্যালয়ে অনলাইনে সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলরসহ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, অনুষদ সদস্য, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি প্রবন্ধ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। সবশেষে, ভাষা শহিদদের রুহের মাগফিরাত কামনা, বাংলা ভাষার সার্বজনীন ব্যবহার এবং দেশ ও বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়।

## "ঐতিহাসিক ৭ই মার্চ" দিবস উদ্‌যাপন



অনুষ্ঠানে বক্তব্যরত উপাচার্য মহোদয়

বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে যথাযোগ্য মর্যাদায় সামাজিক দূরত্ব বজায় রেখে "ঐতিহাসিক ৭ই মাচ" দিবস উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অতিথি বক্তা হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মীজানুর রহমান।

অনুষ্ঠানে জাতির পিতার জীবনীভিত্তিক প্রামান্যচিত্র প্রদর্শনী, বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে চিত্র প্রদর্শনী ও পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাবের আয়োজনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৭ মার্চের চেতনায় এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন



কেক কেটে জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন

বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় সামাজিক দূরত্ব বজায় রেখে ১৭ মার্চ ২০২১ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর এবং বিশেষ অতিথি ও স্মারক বক্তা হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন একুশে পদক প্রাপ্ত প্রফেসর মাহফুজা খানম। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে জাতির পিতার জীবনীর উপর প্রামান্যচিত্র প্রদর্শনী ও কবিতা আবৃত্তির আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ স্ট্রিমিং করা হয়।

## "২৫ শে মার্চ গণহত্যা দিবস" পালন



গণহত্যা দিবসে স্থির চিত্র প্রদর্শনী

বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে যথাযোগ্য মর্যাদায় সামাজিক দূরত্ব বজায় রেখে "২৫ শে মার্চ গণহত্যা দিবস" পালন করা হয়। উক্ত দিনে গণহত্যা ও বঙ্গবন্ধু বিষয়ক পুস্তক ও চিত্র প্রদর্শনীর এবং আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন



অনুষ্ঠানে বক্তব্যরত উপাচার্য মহোদয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর আয়োজনে যথাযোগ্য মর্যাদায় সামাজিক দূরত্ব বজায় রেখে ২৬ মার্চ ২০২১ স্বাধীনতা সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিনসহ সীমিত সংখ্যক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী স্বশরীরে উপস্থিত ছিলেন এবং অন্যন্যরা অনলাইনে জুম প্লাটফরমের মাধ্যমে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মুজিববর্ষের থিম সং এবং জাতির পিতার জীবনীর উপর প্রামান্যচিত্র প্রদর্শিত হয়। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাবের আয়োজনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর চেতনায় এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ স্ট্রিমিং করা হয়।

## ইন্টান্যাশনাল কো-অপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ দপ্তরের কার্যক্রম

আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানসমূহের সাথে সহযোগিতামূলক সম্পর্ক উন্নয়নে ইন্টারন্যাশনাল কো-অপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ কাজ করে থাকে। দপ্তরটির মাধ্যমে এখন পর্যন্ত প্রায় ১৭টি আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে এবং আরো অনেক প্রতিষ্ঠানের সাথে বিভিন্ন বিষয়ে মতবিনিময় ও আলোচনা অনুষ্ঠিত হয়েছে। পরিবর্তিত বিশ্বের সাথে যুগোপযোগী জ্ঞান অর্জনের লক্ষ্যে অত্র দপ্তর যথাসাধ্য চেষ্টা ও নিরলস পরিশ্রম করে যাচ্ছে। International Co-operation & Exchange এর পরিচালক হিসেবে ক্যাপ্টেন ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন বর্তমানে দায়িত্বরত আছেন। উল্লেখ্য, বৈশ্বিক মহামারি কোভিড-১৯" এর প্রভাবের কারণে আন্তর্জাতিক পরিমণ্ডলে ব্যাপকভাবে উল্লেখযোগ্য কার্যকলাপ সম্পাদন করা সম্ভবপর হয়নি। এরই ধারাবাহিকতায় বছরের কিছু কার্যক্রম তুলে ধরা হলো।

### সাংহাই মেরিটাইম ইউনিভার্সিটি (Shanghai Maritime University), চীনের সাথে সমঝোতা স্মারক নবায়ন

চীনের সাংহাই মেরিটাইম ইউনিভার্সিটির সাথে বিএসএমআরএমইউ এর ০৫ বছর মেয়াদী সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় ২৩ ডিসেম্বর ২০১৪ সালে। উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষর পরবর্তী সময়ে এ বিশ্ববিদ্যালয়ের সাথে বিভিন্ন সমাবেশ, প্রশিক্ষণ এবং পারস্পরিক সহযোগিতামূলক দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। ২২ ডিসেম্বর ২০১৯ এ বিশ্ববিদ্যালয়ের সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের মেয়াদ উত্তীর্ণ হয়। পরবর্তীতে, ২০ অক্টোবর ২০২০ এ বিশ্ববিদ্যালয়ের সাথে সমঝোতা স্মারক নবায়ন করা হয়।

### Daniel K. Inouye Asia-Pacific Center for Strategic Studies (APCSS), Hawaii

- ❑ বিএসএমআরএমইউ কর্তৃক আয়োজিত "The COVID-19, Blue Economy: Resilience Strategies for the Coastal States" এবং "Operationalize Relationship Development" সংক্রান্ত ওয়েবিনার ১০ ডিসেম্বর ২০২০ এ অনুষ্ঠিত হয়। এ ওয়েবিনারে মাননীয় ভিসি মহোদয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের সচিব রিয়ার এডমিরাল মোঃ খুরশীদ আলম (অব.), এ্যাম্বাসেডর ফারুক সোবহান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ, ইস্ট-ওয়েস্ট সেন্টারের সভাপতি Dr. Richard R Vuyalsteke, পরিচালক, DKI APCSS, পিট গুমাটাওতাও, হাওয়াই বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরসহ বিশিষ্ট বিশেষজ্ঞ ও শিক্ষাবিদ অংশগ্রহণ করেন।

- ❑ Daniel K. Inouye Asia-Pacific Center for Strategic Studies (APCSS), Hawaii কর্তৃক আয়োজিত 'Strategic Competition in the Indian Ocean Region' বিষয়ক ওয়ার্কশপে বিএসএমআরএমইউ এর পক্ষ হতে ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ এর পরিচালক ক্যাপ্টেন ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন ৮-১০ ডিসেম্বর ২০২০ তারিখে অনলাইনে অংশগ্রহণ করেন।

- ❑ Daniel K. Inouye Asia-Pacific Center for Strategic Studies (APCSS), Hawaii কর্তৃক Comprehensive Maritime Security Cooperation Module (CMSC 21-1) সংক্রান্ত কোর্সে বিএসএমআরএমইউ এর পক্ষ হতে কমান্ডার এম দুরুল হুদা, (এন), বিসিজিএম, বিএন; সহযোগী অধ্যাপক, ডিপার্টমেন্ট অব পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ১৪ মার্চ ২০২১ তারিখে অনলাইনে অংশগ্রহণ করেন।

# সংবিধিবদ্ধ সভার কার্যক্রম

২০২০-২০২১ অর্থবছরে (জুলাই ২০২০ - জুন ২০২১) অনুষ্ঠিত সিনেটের ১টি, সিন্ডিকেটের ৩টি, একাডেমিক কাউন্সিলের ৫টি, অর্থ কমিটির ০৩টি সভা ও পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটির ০১টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহে বিশ্ববিদ্যালয় পরিচালনায় বিভিন্ন একাডেমিক ও প্রশাসনিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়। নিম্নে সভাসমূহের সংক্ষিপ্ত তথ্য তুলে ধরা হলো:

## সিনেট সভা



সিনেটের ৬ষ্ঠ সভার সম্মানিত সদস্যগণের আলোকচিত্র

### সিনেটের ৬ষ্ঠ সভা

বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ সিনেট সভার চেয়ারম্যান ও ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসের কনফারেন্স রুমে ০৭ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় চেয়ারম্যান মহোদয় কর্তৃক বিশ্ববিদ্যালয়ের এযাবৎকালের অগ্রগতি উল্লেখপূর্বক সিনেট ভাষণ, ট্রেজারার মহোদয় কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত এবং ২০২০-২০২১ অর্থ বছরের মূল বাজেট উপস্থাপন, বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ বার্ষিক প্রতিবেদন (জুলাই ২০১৯- জুন ২০২০) অনুমোদন, নিয়োগ সংবিধিতে (তফসিল-ক এর কলাম ৫) সিন্ডিকেট কর্তৃক প্রস্তাবিত সংশোধনী অনুমোদন এবং বার্ষিক ক্রয় পরিকল্পনা (২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত ও ২০২০-২০২১ অর্থ বছরের প্রস্তাবিত) অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## সিন্ডিকেটের সভাসমূহ



সিন্ডিকেটের সম্মানিত সদস্যগণের আলোকচিত্র

### সিন্ডিকেটের ২৪তম সভা

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ২৪তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসের কনফারেন্স রুমে গত ০৯ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ বার্ষিক প্রতিবেদনের খসড়া অনুমোদন, ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২০-২১ অর্থ বছরের মূল বাজেট অনুমোদন, ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা ও ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বিধিমালা অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষা ছুটিসহ বিদেশ গমন অনুমোদন, বাংলাদেশ মেরিন একাডেমির Bachelor of Maritime Science (Nautical) ও Bachelor of Maritime Science (Engineering) প্রোগ্রামদ্বয়ের পরিমার্জিত (হালনাগাদ) কোর্স কারিকুলাম অনুমোদন এবং বাংলাদেশ মেরিন একাডেমির বিএমএস (অনার্স/পাস) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগদ্বয়ের পরীক্ষার চূড়ান্ত ফলাফল ঘটোনাত্তর (Post Facto) অনুমোদনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিন্ডিকেটের ২৫তম সভা

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ২৫তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে গত ২৪ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়।

সভায় বিভিন্ন পদের জন্য জনবল (পূর্ণকালীন/চুক্তিভিত্তিক/খণ্ডকালীন/ভিজিটিং) নিয়োগ, শিক্ষক/কর্মকর্তার চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধি, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের স্থায়ীকরণ, ০১ (এক) জন শিক্ষকের বিনা বেতনে অসাধারণ ছুটি বৃদ্ধিকরণ, বৈশ্বিক করোনা পরিস্থিতির কারণে বিশ্ববিদ্যালয়ের স্নাতক এবং স্নাতকোত্তর প্রোগ্রামসমূহের শিক্ষার্থীদের ফি মওকুফ, বিভিন্ন প্রোগ্রামের শিক্ষাক্রম (Curriculum) ও পাঠ্যসূচি (Syllabus) এবং ফি-স্ট্রাকচার, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অগ্রীম ইনক্রিমেন্ট প্রদান, মেরিন একাডেমির ৩য় বর্ষের (জাহাজে ব্যবহারিক প্রশিক্ষণ) ক্যাডেটদের নির্ধারিত ১২ (বার) মাস সী-সার্ভিস সম্পন্নকরণ ও ৪র্থ বর্ষে ভর্তি, এবং মাস্টার্স প্রোগ্রামসমূহের চূড়ান্ত ফলাফল প্রভৃতি বিষয়ে অনুমোদন প্রদান করা হয়। এছাড়া সাংহাই মেরিটাইম ইউনিভার্সিটি ও বিএসএমআরএমইউ এর মধ্যে সমঝোতা স্মারক সম্প্রসারণ, বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের প্রজেক্ট সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি এবং বিশ্ববিদ্যালয়ের ২০২১ সালের প্রস্তাবিত বর্ষপঞ্জি অবহিত করা হয়।

## সিন্ডিকেটের ২৬তম সভা

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ২৬তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে গত ২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ভবিষ্য তহবিল নীতিমালা-২০২১, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী গোষ্ঠী বীমা তহবিল নীতিমালা-২০২১, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল নীতিমালা-২০২১ অনুমোদন, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের স্থায়ীকরণ, বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার/সমমান পদ থেকে সহকারী রেজিস্ট্রার/সমমান পদে পদোন্নতি/সরাসরি নিয়োগের ক্ষেত্রে বর্তমানের ৭ম গ্রেডের বেতন স্কেলের পরিবর্তে ৬ষ্ঠ গ্রেডের বেতন স্কেল এবং ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ (BoMS) প্রোগ্রামের কোর্স ফি পুনঃনির্ধারণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

# একাডেমিক কাউন্সিলের সভাসমূহ



একাডেমিক কাউন্সিলের সম্মানিত সদস্যগণের আলোকচিত্র

## একাডেমিক কাউন্সিলের ২৭তম সভা

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ২৭তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে গত ০২ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় Bangladesh Marine Academy'এর BMS Course এর Thesis Defense অনলাইনে সম্পন্নকরণ, Master's Programme এর Thesis Defense অনলাইনে সম্পন্নকরণ, Continuous Assessment অনলাইনে সম্পন্নকরণ, অনলাইন উপযোগী করতঃ পাঠ্যক্রম হালনাগাদকরণ, Honour's Programme এর Academic Calendar হালনাগাদকরণ, গবেষণাপত্র অনুমোদনের জন্য Plagiarism Software এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ, বাংলাদেশ মেরিন একাডেমির বিএমএস (রূপান্তরিত অনার্স) বিভিন্ন ব্যাচের নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং চূড়ান্ত ফলাফল ঘটনাত্তোর অনুমোদন এবং অত্র বিশ্ববিদ্যালয়ের স্নাতক প্রোগ্রামের ৭টি ব্যাচের বিভিন্ন সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফলাফলসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## একাডেমিক কাউন্সিলের ২৮তম সভা

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ২৮তম সভা বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে গত ১৫ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়।

সভায় বৈশ্বিক করোনা পরিস্থিতির কারণে বিশ্ববিদ্যালয়ের স্নাতক এবং স্নাতকোত্তর প্রোগ্রামসমূহের শিক্ষার্থীদের ফি মওকুফ, বিএসসি (অনার্স) ইন জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি প্রোগ্রামের শিক্ষাক্রম (Curriculum) ও পাঠ্যসূচি (Syllabus) ও ফি-স্ট্রাকচার এবং মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি প্রোগ্রামের পাঠ্যক্রম, মাস্টার্স ইন ওশানোগ্রাফি প্রোগ্রামের শিক্ষাক্রম (Curriculum) ও পাঠ্যসূচি (Syllabus) এবং ফি-স্ট্রাকচার, আগস্ট-সেপ্টেম্বর ২০১৯ ও তৎপরবর্তীতে অনুষ্ঠিত মাস্টার্স পরীক্ষার পারিতোষিক বিল পরিশোধ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন মাস্টার্স প্রোগ্রামসমূহের সেমিস্টার পরীক্ষার ফলাফল এবং চূড়ান্ত পরীক্ষার ফলাফল, বাংলাদেশ মেরিন একাডেমির বিএমএস (অনার্স) বিভিন্ন ব্যাচের নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগের সেমিস্টার পরীক্ষার ফলাফল এবং বাংলাদেশ মেরিন একাডেমির Bachelor of Maritime Science (Nautical) ও Bachelor of Maritime Science (Engineering) প্রোগ্রামদ্বয়ের পরিমার্জিত (হালনাগাদ) কোর্স কারিকুলাম সহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## একাডেমিক কাউন্সিলের ২৯তম সভা

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ২৯তম সভা গত ১৪ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় M.Sc in Coastal & River Engineering প্রোগ্রামের Curriculum, বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের কোর্সসমূহ Restructure, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের B.Sc. (Hon's) in Oceanography প্রোগ্রামের সংশোধিত পাঠ্যক্রম, ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ (BoMS) প্রোগ্রামের কোর্স ফি পুনঃনির্ধারণ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের জন্য "Foundation Training" প্রবর্তন, বাংলাদেশ মেরিন একাডেমির বিএমএস (অনার্স) রূপান্তরিত বিভিন্ন ব্যাচের নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামসমূহের চূড়ান্ত ফলাফল ঘটনাত্তোর (Post Facto) অনুমোদন এবং বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমির দুইটি ব্যাচের বিএসসি (অনার্স) পরীক্ষার ফলাফল অবহিত করা হয়।

## একাডেমিক কাউন্সিলের ৩০তম সভা

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ৩০তম সভা গত ০৮ এপ্রিল ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ে চলমান সকল বিভাগের আন্ডার গ্রাজুয়েট প্রোগ্রামে 'বাংলা ভাষা ও সাহিত্য', 'বাংলাদেশ স্টাডিজ' ও 'বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস' শীর্ষক ৩ (তিন) টি কোর্সের কোর্স কন্টেন্ট, মার্স্টার্স-ইন-পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট প্রোগ্রামের ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ ২০১৭-১৮)-এবং এমবিএ-ইন-মেরিটাইম বিজনেস্ প্রোগ্রামের ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ ২০১৭-১৮)-এর চূড়ান্ত ফলাফল এবং মার্স্টার্স-ইন-মেরিটাইম সায়েন্স প্রোগ্রামের ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ ২০১৯-২০)-এর ১ম বর্ষ ১ম সেমিস্টার পরীক্ষার ফলাফলসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## একাডেমিক কাউন্সিলের ৩১তম সভা

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ৩১তম সভা গত ০৭ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় সেমিস্টার ফাইনাল পরীক্ষা অনলাইনে গ্রহণের নীতিমালা এবং স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে সেমিস্টার ফাইনাল পরীক্ষা গ্রহণের প্রস্তাবিত সময়সূচি অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

# অর্থ কমিটির সভাসমূহ

## অর্থ কমিটির ২৪তম সভা



অর্থ কমিটির ২৪তম সভার সদস্যবৃন্দ

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ২৪তম সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে ২০ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় বৈশ্বিক করোনা পরিস্থিতির কারণে বিশ্ববিদ্যালয়ের স্নাতক এবং স্নাতকোত্তর প্রোগ্রামসমূহের শিক্ষার্থীদের ফি মওকুফ, B.Sc (Hons.) in Oceanograhpy প্রোগ্রামের খণ্ডকালীন ভারতীয় শিক্ষক অধ্যাপক ড. এস প্রসন্ন কুমারের আর্থিক সংশ্লেষ, MBA in Maritime Tourism and Hospitality Management প্রোগ্রামের খণ্ডকালীন শিক্ষক অধ্যাপক ড. মীর অব্দুল শফিকের নিয়োগের আর্থিক সংশ্লেষ এবং আগস্ট-সেপ্টেম্বর ২০১৯ ও তৎপরবর্তীতে অনুষ্ঠিত মাস্টার্স পরীক্ষার পারিতোষিক বিল অনুমোদনের সুপারিশ করা হয়।

## অর্থ কমিটির ২৫তম সভা



অর্থ কমিটির ২৫তম সভার সদস্যবৃন্দ

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ২৫তম সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে ২১ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ (BoMS) প্রোগ্রামের কোর্স ফি পুনঃনির্ধারণ এবং ত্রৈমাসিক প্রকাশনা "Maritime Campus" এর সম্পাদনা পর্ষদ ও লেখকদের সম্মানী নির্ধারণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

## অর্থ কমিটির ২৬তম সভা



অর্থ কমিটির ২৬তম সভার সদস্যবৃন্দ

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ২৬তম সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে ১৪ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ অর্থবছরের জন্য ৩৯ কোটি ৬৮ লক্ষ টাকার সংশোধিত ও ২০২১-২২ অর্থবছরের জন্য ৪৪ কোটি ৫৭ লক্ষ টাকার মূল বাজেট এবং ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনা ও ২০২১-২২ অর্থবছরের প্রস্তাবিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

# পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটির সভা

## পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটির ৮ম সভা



পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটির ৮ম সভার সদস্যবৃন্দ

বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটির ৮ম সভা ১০ জুন ২০২১ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় Offshore Engineering এর উপর গুরুত্ব আরোপ করে সিলেবাস প্রণয়ন, সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে সমন্বয়পূর্বক প্রশিক্ষণ/সেমিনার আয়োজন, স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে বৈশ্বিক উষ্ণায়ন নিয়ন্ত্রণ ও জিরো কার্বন নিঃসরণ সর্বোপরি কয়লার উপর চাপ হ্রাস করতে ওয়েভ এনার্জি, সমুদ্র শৈবাল, সমুদ্রের গভীরে গ্যাস ও তেল অনুসন্ধান সম্পর্কিত প্রোগ্রামসমূহ এবং Institute of Renewable Energy ঢাকার অস্থায়ী ক্যাম্পাসে চালু করা, স্থায়ী ক্যাম্পাসে দীর্ঘমেয়াদী ভূমি ব্যবহার পরিকল্পনা ও ভবিষ্যতের চাহিদা মাথায় রেখে বহুতল ভবনের নকশা পুনঃবিবেচনা করা এবং মেরিটাইম সেক্টরে দেশের একমাত্র বিশেষায়িত সরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা ও আগ্রহ বৃদ্ধিকল্পে অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণে অনুমোদনের সুপারিশ করা হয়।

## পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের কর্মকাণ্ড

বিশ্ববিদ্যালয়ের চলমান স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের বিভিন্ন পরীক্ষাসহ অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের যাবতীয় পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদন এবং যথাসময়ে ফলাফল প্রকাশের প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণই পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের প্রধান দায়িত্ব। তাছাড়া ছাত্র-ছাত্রীদের সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ করাও অত্র দপ্তরের অন্যতম দায়িত্ব। প্রতিষ্ঠালগ্ন হতে এ দপ্তর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে সচেষ্ট রয়েছে। এ প্রেক্ষিতে, ২০২০-২১ শিক্ষাবর্ষে এ বিশ্ববিদ্যালয়ে এবং অধিভুক্ত প্রতিষ্ঠানে অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষার ফলাফল সংক্রান্ত বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

### ২০২০-২১ শিক্ষাবর্ষে প্রকাশিত বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফলের সার-সংক্ষেপ

#### স্নাতক পর্যায়ের বিভিন্ন প্রোগ্রামের পরীক্ষাসমূহ:

| পরীক্ষা | প্রোগ্রামের নাম | ব্যাচ ও সেমিস্টার | পরীক্ষা আরম্ভ ও শেষের তারিখ | ফলাফল প্রকাশ | অবতীর্ণ | কৃতকার্য |
|---|---|---|---|---|---|---|
| স্নাতক প্রোগ্রামের সেমিস্টার পরীক্ষাসমূহ কোভিড-১৯/ করোনা পরিস্থিতির কারণে প্রতিবেদনাধীন সময় পর্যন্ত স্থগিত ছিল। | | | | | | |

#### স্নাতকোত্তর পর্যায়ের বিভিন্ন প্রোগ্রামের পরীক্ষাসমূহ (প্রকাশিত ফলাফল):

| প্রোগ্রামের নাম | ব্যাচ ও সেমিস্টার | ফলাফল প্রকাশ | অবতীর্ণ | কৃতকার্য |
|---|---|---|---|---|
| মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি | ১ম ব্যাচ, ৩য় সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | ১৩ সেপ্টেম্বর ২০২০ | ০৪ | ০৪ |
| মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি | ১ম ব্যাচ, চূড়ান্ত ফলাফল<br>শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | ১৩ সেপ্টেম্বর ২০২০ | ০৪ | ০৪ |
| মাস্টার্স ইন মেরিটাইম সায়েন্স | ২য় ব্যাচ, ১ম সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | ০৭ মার্চ ২০২১ | ০৪ | ০৪ |
| এমবিএ ইন মেরিটাইম বিজনেস | ১ম ব্যাচ, চূড়ান্ত ফলাফল<br>শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮ | ১৩ সেপ্টেম্বর ২০২০ | ০৩ | ০৩ |
| এমবিএ ইন মেরিটাইম বিজনেস | ১ম ব্যাচ, চূড়ান্ত ফলাফল (২য় ধাপ)<br>শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮ | ২২ মার্চ ২০২১ | ০১ | ০১ |
| মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | ৩য় ব্যাচ, চূড়ান্ত ফলাফল (২য় ধাপ)<br>শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮ | ২৬ জানুয়ারি ২০২১ | ০৪ | ০৪ |

#### স্নাতকোত্তর পর্যায়ের বিভিন্ন প্রোগ্রামের পরীক্ষাসমূহ (ফলাফল প্রক্রিয়াধীন):

| পরীক্ষা | প্রোগ্রামের নাম | ব্যাচ ও সেমিস্টার | পরীক্ষা শুরু ও শেষের তারিখ | ফলাফল প্রকাশ | অবতীর্ণ |
|---|---|---|---|---|---|
| মার্চ-২০২০ | মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | ৪র্থ ব্যাচ, ৩য় সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | শুরু: ০১ মার্চ ২০২০<br>শেষ: ১১ ফেব্রুয়ারি ২০২১<br>(কোভিড-১৯ পরিস্থিতির কারণে মার্চ ২০২০-এর স্থগিতকৃত পরীক্ষা ফেব্রুয়ারি ২০২১ এ সম্পন্ন হয়) | ফলাফল প্রক্রিয়াধীন | ১৯ |
| | মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | ৫ম ব্যাচ, ১ম সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ১৬ |
| | এলএলএম ইন মেরিটাইম ল' অ্যান্ড পলিসি | ৪র্থ ব্যাচ, ৩য় সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | | ১৪ |
| | এলএলএম ইন মেরিটাইম ল' অ্যান্ড পলিসি | ৫ম ব্যাচ, ১ম সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ১৩ |
| | মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস | ২য় ব্যাচ, ৩য় সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | | ০৫ |
| | মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস | ৩য় ব্যাচ, ১ম সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ০৯ |

| পরীক্ষা | প্রোগ্রামের নাম | ব্যাচ ও সেমিস্টার | পরীক্ষা শুরু ও শেষের তারিখ | ফলাফল প্রকাশ | অবতীর্ণ |
|---|---|---|---|---|---|
| | মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি | ২য় ব্যাচ, ১ম সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ০৫ |
| | মাস্টার্স ইন মেরিটাইম সায়েন্স | ১ম ব্যাচ, ৩য় সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | | ০৭ |
| | মাস্টার্স ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | ১ম ব্যাচ, ১ম সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ০৭ |
| | মাস্টার্স ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ | ১ম ব্যাচ, ১ম সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ০৬ |

## ২০২০-২১ শিক্ষাবর্ষে অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমির বিভিন্ন ব্যাচের ফলাফল প্রকাশিত হয় যা নিম্নরূপঃ

### বিএমএস অনার্স নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগ (৪ বছর মেয়াদী):

| ক্রমিক | ব্যাচ ও সেমিস্টার | ফলাফল প্রকাশ | কৃতকার্য শিক্ষার্থী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ৫৪ তম ব্যাচ ৪র্থ সেমিস্টার | ২৭ জুলাই ২০২০ | ১০৪ | মানোন্নয়ন (নটিক্যাল)- ০৪ জন<br>মানোন্নয়ন (ইঞ্জিনিয়ারিং)- ১০ জন |
| ২. | ৫৫ তম ব্যাচ ২য় সেমিস্টার | ১১ ফেব্রুয়ারি ২০২১ | ২০১ | |

### বিএমএস অনার্স (রূপান্তরিত) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগ (৪ বছর মেয়াদী):

| ক্রমিক | ব্যাচ ও সেমিস্টার | ফলাফল প্রকাশ | কৃতকার্য শিক্ষার্থী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ৭ম ব্যাচ ৭ম সেমিস্টার | ২৭ জুলাই ২০২০ | ১০৫ | |
| ২. | ৬ষ্ঠ ব্যাচ ৮ম সেমিস্টার (১ম ধাপ) | ০৬ অক্টোবর ২০২০ | ২৩ | |
| ৩. | ২য় ব্যাচ ৮ম সেমিস্টার (৫ম ধাপ) | ২৯ অক্টোবর ২০২০ | ০৫ | |
| ৪. | ৪র্থ ব্যাচ ৮ম সেমিস্টার (৩য় ধাপ) | ২৯ অক্টোবর ২০২০ | ০৯ | |
| ৫. | ৫ম ব্যাচ ৮ম সেমিস্টার (২য় ধাপ) | ২৯ অক্টোবর ২০২০ | ১৫ | |
| ৬. | ৩য় ব্যাচ ৮ম সেমিস্টার (৪র্থ ধাপ) | ২৯ অক্টোবর ২০২০ | ০৪ | |
| ৭. | ২য় ব্যাচ চূড়ান্ত ফলাফল (৫ম ধাপ) | ২৩ নভেম্বর ২০২০ | ০৫ | |
| ৮. | ৬ষ্ঠ ব্যাচ ৮ম সেমিস্টার (২য় ধাপ) | ২২ ফেব্রুয়ারি ২০২১ | ০৯ | |

### বিএমএস (পাস) ডিগ্রি নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগ (৩ বছর মেয়াদী):

| ক্রমিক | ব্যাচ ও সেমিস্টার | ফলাফল প্রকাশ | কৃতকার্য শিক্ষার্থী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ৫০ তম ব্যাচ (৬ষ্ঠ ধাপ) চূড়ান্ত ফলাফল | ০৯ নভেম্বর ২০২০ | ৪০ | |
| ২. | ৫১ তম ব্যাচ (৩য় ধাপ) চূড়ান্ত ফলাফল | ০৯ নভেম্বর ২০২০ | ৯৬ | |

## ২০২০-২১ শিক্ষাবর্ষে অধিভুক্ত প্রতিষ্ঠান মেরিন ফিশারিজ একাডেমির ফলাফল প্রকাশিত হয় যা নিম্নরূপ:

### বিএসসি অনার্স-ইন-নটিক্যাল স্টাডিজ, মেরিন ইঞ্জিনিয়ারিং ও মেরিন ফিশারজি প্রোগ্রাম (৪ বছর মেয়াদী):

| ক্রমিক | ব্যাচ ও সেমিস্টার | ফলাফল প্রকাশ | কৃতকার্য শিক্ষার্থী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ৩৯তম ব্যাচ ২য় বর্ষ<br>শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮ | ০৯ নভেম্বর ২০২০ | ৬৭ | |
| ২. | ৪০তম ব্যাচ ১ম বর্ষ ১ম সেমিস্টার<br>শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | ২৩ নভেম্বর ২০২০ | ৯৮ | |

## উন্নয়ন কর্মকাণ্ড

ক্রমবিকাশের ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ের কলেবর দিন দিন বৃদ্ধিহেতু এ দপ্তরের কর্মকাণ্ড ও ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। আগামী ০১ (এক) বছরে অনুষ্ঠিতব্য পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্তে ইতোমধ্যে প্রয়োজনীয় উত্তরপত্রসহ অন্যান্য উপকরণ গুদামজাত করা হয়েছে। এতদ্‌ব্যতীত, BSMRMU Integrated Management System (BIMS)-সফটওয়্যারের সাহায্যে বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের বিভিন্ন প্রোগ্রামের ফলাফল প্রকাশ করা হচ্ছে।

# অর্থ ও হিসাব দপ্তরের গৃহীত কার্যক্রম

বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর হতে বর্তমান সময় পর্যন্ত ট্রেজারার দপ্তরের অধীনে অর্থ ও হিসাব দপ্তরের বিভিন্ন আর্থিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। আলোচ্য দপ্তরের বিভিন্ন কার্যক্রম ও আর্থিক অনুমোদন ট্রেজারার মহোদয়ের সুপারিশক্রমে মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করা হয়ে থাকে। এক্ষেত্রে সরকারী বিধি বিধান ও বিশ্ববিদ্যালয়ের আইন ও সংবিধি (অর্থ ও হিসাব ম্যানুয়াল) দ্বারা পরিচালিত হয়ে থাকে। আলোচ্য অর্থবছরে অর্থ কমিটির সভাসহ নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন করা হয়:

## অর্থ কমিটির সভা ও অন্যান্য কার্যক্রম

২০২০-২১ অর্থ বছরে অর্থ কমিটির সভাসহ নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:

ক। অর্থ কমিটির ০৩ টি সভা - সংক্ষিপ্ত বিবরণ পূর্বে প্রদর্শিত হয়েছে।

খ। বাজেট পর্যালোচনা সভা

গ। বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত সভা

## বাজেট পর্যালোচনা সভা

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ০৪ জন কর্মকর্তা এবং বিশ্ববিদ্যালয়ের হিসাব দপ্তরের কর্মকর্তাদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বাজেট পর্যালোচনা সভা গত ১৪-১৫ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কর্মকর্তাগণ বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট পরীক্ষা নিরীক্ষা ও পর্যালোচনা করে বিভিন্ন সুপারিশ প্রদান করেন।

## বাজেট ব্যবস্থাপনা ও অগ্রগতি সংক্রান্ত সভা

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভাসমূহে ২০২০-২১ অর্থ বছরের বাজেটের বাস্তবায়ন অগ্রগতি, ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট, ২০২১-২২ অর্থবছরের মূল বাজেট এবং ২০২০-২১ অর্থ বছরের ক্রয় কার্যের অগ্রগতি নিয়ে আলোচনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিশ্ববিদ্যালয়ের বাজেট

২০২০-২১ অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের মূল বাজেট ছিল ৪০ কোটি ৯১ লক্ষ টাকা। বিদ্যমান কোভিড পরিস্থিতি বিবেচনায় উক্ত মূল বাজেটের বিপরীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২০-২১ অর্থবছরে ৩৯ কোটি ৬৮ লক্ষ  টাকার সংশোধিত বাজেট এবং আগামী ২০২১-২২ অর্থবছরের জন্য ৪৪ কোটি ৫৭ লক্ষ টাকার মূল বাজেট অনুমোদন করা হয়।

# পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তরের কার্যক্রম

পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তর এ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকেই ভিসি মহোদয়ের নির্দেশনায় স্থায়ী ক্যাম্পাসের জন্য জমি অধিগ্রহণ, অস্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা, ডিপিপি প্রণয়ন ও অনুমোদন, অর্গানোগ্রাম প্রণয়ন ও অনুমোদন (TO&E) এবং বাৎসরিক ক্রয় পরিকল্পনা প্রণয়নসহ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। উল্লেখ্য যে, সাম্প্রতিক UNESCO কর্তৃক ঘোষিত "Decade of Ocean Science" (২০২১-২০৩০) এর লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর জন্য একটি সমুদ্র গবেষণা কেন্দ্র স্থাপনের এলাকা নির্বাচন ও মৌজা ম্যাপ তৈরি করা হয়েছে। বিগত বৎসরের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নে লিপিবদ্ধ করা হলো:

## অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণ ও সৌন্দর্য বর্ধন

### মেঘনা ভবনে রেনোভেশন কাজ

বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকে ১০তলা বিশিষ্ট মেঘনা ভবন ভাড়া গ্রহণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে। মেঘনা ভবনের নিম্নলিখিত কার্যাবলী সম্পন্ন করা হয়েছে:

কম্পিউটার ল্যাব সম্প্রসারণ, অডিটরিয়াম রেনোভেশন এবং শিক্ষকদের জন্য নতুন অফিস কক্ষ নির্মাণ ইত্যাদি। এছাড়াও নিরাপত্তার জন্য অত্যাধুনিক ব্যাগ স্ক্যানার, আর্চওয়ে এবং টাচ স্ক্রীন কিয়োস্ক স্থাপনসহ পোর্চ রেনোভেশনের কাজ সম্পন্ন করা হয়েছে।



আর্চওয়ে এবং অত্যাধুনিক ব্যাগ স্ক্যানার



টাচ স্ক্রীন কিয়োস্ক

### বর্ধিত অস্থায়ী ক্যাম্পাস (পদ্মা ভবন)

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম অব্যাহতভাবে বৃদ্ধি পাওয়ায় অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণের উদ্দেশ্যে ঢাকাস্থ মিরপুর সাড়ে এগারোতে অবস্থিত ৮তলা বিশিষ্ট "পদ্মা ভবনের" ৭টি ফ্লোর ভাড়া নেওয়া হয়েছে। এ ভবনের ছাদে ৬৯৭ বর্গফুটের আধুনিক মেরিন ফিশারিজ ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়াও ১৯০ বর্গফুটের রিসিপশন ও ইনফরমেশন ডেস্ক, ১৪০ বর্গফুটের এমটিপুল অফিস, নিরাপত্তার জন্য আধুনিক স্ক্যানার এবং ভবনের সামনে ফেসিং ওয়াল নির্মাণ করা হয়েছে।

### বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী হল

বর্তমানে অত্র বিশ্ববিদ্যালয়ের ২টি ছাত্র ও ১টি ছাত্রী হল রয়েছে। ছাত্র-ছাত্রীদের আবাসন সুবিধা নিশ্চিতকল্পে মার্চ ২০২০ হতে মিরপুর ডিওএইচএস-এ ৭ তলা বিশিষ্ট নতুন একটি ভবন ছাত্রনিবাস হিসেবে ভাড়া নেওয়া হয়েছে। হলগুলোতে মানসম্মত খাবারের ব্যবস্থা, বিনোদন, ইন্টারনেট এবং আসবাবপত্র স্থাপন করা হয়েছে। এছাড়াও হলগুলো পরিচালনায় হল প্রভোস্ট ও সহকারী প্রভোস্টের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে।




বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হল

# একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্টের কার্যক্রম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠার শুরু থেকেই উচ্চ শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে বদ্ধপরিকর। এরই প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ে জুলাই ২০১৬ হতে একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্ট প্রতিষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের জনবল কাঠামোয় ডিপার্টমেন্টটি অন্তর্ভুক্ত করা হয়েছে। এই বিভাগটি বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষার মান উন্নয়ন, শিক্ষকদের শিখন-শিক্ষণের পদ্ধতি ও দক্ষতা বৃদ্ধিতে কাজ করে আসছে। এ বিভাগটি বিশ্ববিদ্যালয়ের অনুষদ সদস্যবৃন্দের দক্ষতা বৃদ্ধিতে অভ্যন্তরীণ সেমিনার, অন্যান্য বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কোয়ালিটি স্পেশালিস্টদের দ্বারা সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করে থাকে। এছাড়াও শিক্ষক, ছাত্র, শিক্ষাব্যবস্থা প্রভৃতির উন্নয়নে মূল্যায়ন কার্যক্রম শুরু করেছে।

## অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার



অনলাইনে অনুষ্ঠিত অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনারে অংশগ্রহণকারী শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ

বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ ও বিভাগের শিক্ষকদের ব্যক্তিগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্ট ১৭ ডিসেম্বর ২০১৭ থেকে শুরুতে সাপ্তাহিক রবিবার ও পরবর্তীকালে পাক্ষিক ভিত্তিতে সোমবার অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার আয়োজন করে আসছে। ইতোমধ্যে যার ৪টি ধাপ সফলভাবে সম্পন্ন হয়েছে এবং পঞ্চম ধাপের কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য, বৈশ্বিক মহামারি কোভিড-১৯ করোনা ভাইরাস পরিস্থিতির কারণে স্বশরীরে উপস্থিতির পরিবর্তে অনলাইনে অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরে যে সকল অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার আয়োজিত হয়েছে তাদের তালিকা নিম্নরূপ:

| ক্রমিক | তারিখ | বক্তা | প্রবন্ধ |
|---|---|---|---|
| ১ | ১৬ নভেম্বর ২০২০ | ড. মোঃ মোরশেদুল আলম<br>সহকারী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি | Nuclear factor erythroid 2- related factor 2 (NRF2) dependent healthy aging and it’s possibility to combat against SARS-COV2 |

| ক্রমিক | তারিখ | বক্তা | প্রবন্ধ |
|---|---|---|---|
| ২ | ০২ ডিসেম্বর ২০২০ | ড. মোঃ আবুল হোসেন (জনি)<br>সহকারী অধ্যাপক, পদার্থ বিজ্ঞান | Ageing of solar cell in field |
| ৩ | ১৪ ডিসেম্বর ২০২০ | রাজু আহমেদ<br>প্রভাষক, ইংরেজি | The discrepancy between standardized communication patterns and the real-life conversations of vessel traffic service: A case study in Chittagong Port, Bangladesh |
| ৪ | ২৮ ডিসেম্বর ২০২০ | ড. মুহাম্মদ নাজির হোসেন<br>সহযোগী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি | Deciphering the mysteries of ageing |
| ৫ | ১১ জানুয়ারি ২০২১ | আরিফুল ইসলাম<br>প্রভাষক, ব্যবস্থাপনা বিভাগ | The Effect of Employee Training to Increase the Self-efficacy of the Employees. |
| ৬ | ২৫ জানুয়ারি ২০২১ | ড. এস এম মোস্তাফিজুর রহমান<br>সহকারী অধ্যাপক<br>ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি | Development of Lab Culture Technique of Unique Brown Algae, Undaria Peterseniana (Phaeophyta): Bangladesh Perspective |
| ৭ | ০৮ ফেব্রুয়ারি ২০২১ | মোঃ মাসুদ-উল-আলম<br>প্রভাষক<br>ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি | Mesoscale Variability of Eddies-An Investigation into the Spatial and Temporal Scales in the Bay of Bengal |
| ৮ | ২২ ফেব্রুয়ারি ২০২১ | নুসরাত জাহান<br>প্রভাষক, পদার্থ বিজ্ঞান | DC Electrical Conductivity of Gellan Gel and Visualization of the Network Structure with AFM (Atomic Force Microscope) |
| ৯ | ০৮ মার্চ ২০২১ | মোঃ মোস্তফা আজিজ শাহিন<br>প্রভাষক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | Covid-19: Chittagong Port and Aftermath |
| ১০ | ২২ মার্চ ২০২১ | আরিফ মাহমুদ<br>সহকারী অধ্যাপক, মেরিটাইম সায়েন্স | Low Sulphur IMO 2020 Regulation: Caring for the Future |
| ১১ | ০৫ এপ্রিল ২০২১ | সুনন্দা মজুমদার<br>প্রভাষক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | 1Representation of females in maritime sector of Bangladesh |
| ১২ | ১৯ এপ্রিল ২০২১ | দেওয়ান মাজহারুল ইসলাম<br>প্রভাষক, মেরিটাইম সায়েন্স | Possibility of Inland Container Terminal: Pangaon ICT Perspective |
| ১৩ | ০৪ মে ২০২১<br>মোঃ মোস্তফা | আজিজ শাহিন<br>প্রভাষক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | An Assessment of the Ship Registration System in Bangladesh |
| ১৪ | ২৪ মে ২০২১ | স্বর্ণা দত্ত<br>প্রভাষক, বাংলা | উপনিবেশিত বাংলায় গ্রামীণ সমাজ জীবন অঙ্কনে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের স্বাতন্ত্র্য |
| ১৫ | ০৭ জুন ২০২১ | নাজমুস সাকিব<br>প্রভাষক, মেরিটাইম সায়েন্স | Baltic Regional Maritime Governance of Curbing the Passenger Ship Sewage for Marine Eutrophication |
| ১৬ | ২১ জুন ২০২১ | ফারহানা আক্তার<br>প্রভাষক, রসায়ন | General Routes of Drug Administration Human Body |

## "Maritime Seminar 2020" শীর্ষক সেমিনারে পরিচালক, একিউএইডি এর প্রবন্ধ উপস্থাপন

খুলনাস্থ বানৌজা তিতুমীরে অনুষ্ঠিত "Maritime Seminar 2020" শীর্ষক সেমিনারে "Legal Regime at Sea and Governance of Maritime Resources for Sustainable Economic Growth" বিষয়ের উপর বিএসএমআরএমইউ এর একিউএইডি দপ্তরের পরিচালক ক্যাপ্টেন এম নজরুল ইসলাম, (এস), এনপিপি, এনডিসি, পিএসসি, বিএন ১৭ ডিসেম্বর ২০২০ প্রবন্ধ উপস্থাপন করেন।

## Competency Based Education & Training (CBET)

NUFFIC, Netherlands এর অর্থায়নে ও বিশেষজ্ঞ দ্বারা বিশ্ববিদ্যালয়ের অনুষদ সদস্যবৃন্দের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে Competency Based Education & Training (CBET) শীর্ষক প্রোগ্রাম ০২-১১ মার্চ পরিচালিত হয়। প্রোগ্রামে দুটি গ্রুপে বিশ্ববিদ্যালয়ের মোট ২৬ জন অনুষদ সদস্য ও নির্বাচিত কর্মকর্তাবৃন্দ প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। একিউএইডি দপ্তরের পরিচালক ক্যাপ্টেন এম নজরুল ইসলাম এ প্রশিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণ করেন।

## Accreditation Standards and Criteria শীর্ষক ওয়ার্কশপে অংশগ্রহণ

বাংলাদেশ এক্রেডিটেশন কাউন্সিলের তত্ত্বাবধানে "Accreditation Standards and Criteria" শীর্ষক ওয়ার্কশপে এ বিশ্ববিদ্যালয়ের ১ (এক) জন ডিন, একিউএইডি দপ্তরের পরিচালক ক্যাপ্টেন এম নজরুল ইসলাম এবং ৫ (পাঁচ) জন বিভাগীয় প্রধান ০২ নভেম্বর ২০২০ তারিখে অংশগ্রহণ করেন।

## Are Your Online Students Engaged? শীর্ষক ওয়ার্কশপে অংশগ্রহণ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের Strategic Planning & Quality Assurance Department কর্তৃক আয়োজিত "Are Your Online Students Engaged?" শীর্ষক ওয়ার্কশপে এ বিশ্ববিদ্যালয়ের একিউএইডি দপ্তরের পরিচালক ক্যাপ্টেন এম নজরুল ইসলাম, পদার্থ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন (জনি) এবং একিউএইডি দপ্তরের সহকারী পরিচালক মোঃ মাইনুর রহমান ২৬-২৮ নভেম্বর ২০২০ তারিখে অনলাইনে অংশগ্রহণ করেন।

## Online Teaching Didactics Course এ অংশগ্রহণ

NUFFIC, Netherlands এর অর্থায়নে ও বিশেষজ্ঞ দ্বারা বিশ্ববিদালয়ের অনুষদ সদস্যবৃন্দের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২ সেপ্টেম্বর-১৩ অক্টোবর ২০২০ এবং ২০ অক্টোবর-৩০ নভেম্বর ২০২০ দুইটি ব্যাচে Online Teaching Didactics Course আয়োজন করা হয়। একিউএইডি দপ্তরের পরিচালক ক্যাপ্টেন এম নজরুল ইসলাম এ কোর্সে অংশগ্রহণ করেন।

## BSMRMU Integrated Management System-এর উপর প্রশিক্ষণে অংশগ্রহণ

বিশ্ববিদ্যালয়ের আইসিটি দপ্তরের তত্ত্বাবধানে ৫দিনব্যাপী BSMRMU Integrated Management System-এর উপর প্রশিক্ষণ ৮-১৫ ফেব্রুয়ারি ২০২১ অনুষ্ঠিত হয়। এ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসেবে একিউএইডি দপ্তরের সহকারী পরিচালক মোঃ মাইনুর রহমান অংশগ্রহণ করেন।

## একাডেমিক কাউন্সিল সভায় "Foundation Training Course" এর সিলেবাস অবহিতকরণ

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের পেশাগত কর্মদক্ষতা বৃদ্ধি এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের কার্যক্রমের উপর সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে একিউএইডি দপ্তরের তত্ত্বাবধানে ফাউন্ডেশন ট্রেনিং কোর্স আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে কোর্সের সিলেবাস, কারিকুলাম, রিসোর্স পার্সন ও আর্থিক সংশ্লেষ সম্বলিত একটি বুকলেট একাডেমিক কাউন্সিলের ২৯তম সভায় অবহিত করা হয়। সভায় কোর্সটি আয়োজনের পরিকল্পনার জন্য একাডেমিক কাউন্সিলের সম্মানিত সদস্যবৃন্দ মাননীয় উপাচার্য এবং পরিচালক, একিউএইডিকে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন।

ভবিষ্যতে ইউজিসির সাথে একাডেমিক কোয়ালিটি সংক্রান্ত প্রজেক্ট ও স্থায়ী কার্যক্রমের সাথে একীভূতকরণ ও বাংলাদেশ এক্রেডিটেশন কাউন্সিলের সদস্যপদ এবং এক্রেডিটেশন সার্টিফিকেট অর্জনের লক্ষ্যমাত্রা এই বিভাগের রয়েছে। সেই সাথে দেশি বিদেশি বিশেষজ্ঞ দ্বারা সেমিনার, প্রশিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম অব্যাহত থাকবে। এছাড়াও নবনিযুক্ত ফ্যাকাল্টি মেম্বারদের ইংরেজি ভাষার উপর দক্ষতা বৃদ্ধিতে ব্রিটিশ কাউন্সিলের তত্ত্বাবধানে শীঘ্রই একটি শর্ট কোর্স পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

# কলেজ, একাডেমি ও ইনস্টিটিউট পরিদর্শক দপ্তরের কার্যক্রম

## অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহে ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ক্যাডেট ভর্তি

বিশ্ববিদ্যালয়ের বর্তমানে অধিভুক্ত প্রতিষ্ঠান রয়েছে দুইটি, বাংলাদেশ মেরিন একাডেমি ও মেরিন ফিশারিজ একাডেমি। মেরিন ফিশারিজ একাডেমিতে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ক্যাডেট ভর্তির নিমিত্তে ২৪ জানুয়ারি ২০২০ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ৯৩ জন শিক্ষার্থী ভর্তি হয়েছে। বাংলাদেশ মেরিন একাডেমিতে ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা ২৫ নভেম্বর ২০১৯ অনুষ্ঠিত হয় এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মোট ৩৫৯ জন শিক্ষার্থী ভর্তি হয়েছে। উল্লিখিত ক্যাডেট ভর্তি পরীক্ষা গ্রহণের নিমিত্তে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর প্রতিনিধি দায়িত্ব পালন করেন।

## অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের পরীক্ষা পরিদর্শন ও পর্যবেক্ষণ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমি ও মেরিন ফিশারিজ একাডেমির শিক্ষা কার্যক্রমের উন্নয়ন ও পরীক্ষা গ্রহণের নিমিত্তে ইন্সপেক্টর অব একাডেমিস/ইনস্টিটিউটস দপ্তরের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন সময়ে অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করেন। অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের মানোন্নয়নের লক্ষ্যে পরিদর্শন দল কর্তৃক সন্তোষ প্রকাশসহ বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য যে, ০৩ ডিসেম্বর ২০২০, ২১ ডিসেম্বর ২০২০ ও ৩০ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বাংলাদেশ মেরিন একাডেমি এবং ১০ জানুয়ারি ২০২১ ও ০৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে মেরিন ফিশারিজ একাডেমিতে পরীক্ষা পরিদর্শন ও পর্যবেক্ষণ অনুষ্ঠিত হয়। মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন কর্মসূচি পালন করেছে।

## গ্রাজুয়েশন প্যারেড

মেরিন ফিশারিজ একাডেমির ৩৯তম এবং ৪০তম ব্যাচের ক্যাডেটদের গ্রাজুয়েশন প্যারেড ১৫ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ মেরিন একাডেমিতে ৫৫তম ব্যাচের ক্যাডেটদের "মুজিব বর্ষ গ্রাজুয়েশন প্যারেড" ২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উভয় গ্রাজুয়েশন প্যারেডে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর প্রতিনিধি হিসেবে ক্যাপ্টেন এ এম কুদরতউল্লাহ (এস), বিসিজিএমএস, পিএসসি, বিএন, পরিদর্শক, একাডেমি/ইনস্টিটিউট) উপস্থিত ছিলেন।

## ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি পরিদর্শন

ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি কর্তৃক ০৯ অক্টোবর ২০২০ তারিখে এ বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তির জন্য আবেদন করে। এরই ধারাবাহিকতায় এ বিশ্ববিদ্যালয় হতে আবেদনপত্র ও যোগ্যতা যাচাই এবং পরিদর্শন টিম গঠন করা হয়। টিমটি ২৮ ডিসেম্বর ২০২০ তারিখে ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি পরিদর্শন করে এবং পরিদর্শন শেষে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করে।

## অ্যাফিলিয়েশন কমিটির সভা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অ্যাফিলিয়েশন কমিটির ১ম সভা ০১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় অ্যাফিলিয়েশন কমিটির সভাপতি ও অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয় সভাপতিত্ব করেন। সভায় কারিকুলাম কমিটির মাধ্যমে ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি কর্তৃক প্রণীত সিলেবাস যাচাই-বাছাই করতঃ প্রতিষ্ঠানটিকে অধিভুক্তকরণের জন্য সুপারিশ করা হয় এবং তা অনুমোদনের জন্য একাডেমিক কাউন্সিলের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## বাংলাদেশ নেভাল একাডেমিকে অধিভুক্তকরণ

বিশ্বদ্যিালয়ের একাডেমিক কাউন্সিলের ২৬তম সভায় বাংলাদেশ নেভাল একাডেমিকে অধিভুক্তকরণের বিষয়টি আলোচিত হয় এবং বাংলাদেশ নেভাল একাডেমিকে ভবিষ্যতে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্ত করার বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে এ বিশ্ববিদ্যালয় হতে সহকারী নৌপ্রধান (পার্সোনেল) বরাবর একটি পত্র প্রেরণ করা হয়। পত্রের পরিপ্রেক্ষিতে

বাংলাদেশ নৌবাহিনীর সদর দপ্তর হতে বাংলাদেশ নৌবাহিনীর অন্যান্য উপযুক্ত প্রশিক্ষণ ঘাঁটি/স্কুলকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির অধীনে অধিভুক্তকরণ এবং বিভিন্ন শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটিতে এ বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি কমান্ডার এম দুরুল হুদা (এন), বিসিজিএম, বিএন (সহযোগী অধ্যাপক)-কে মনোনয়ন করা হয়।

## অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থী সংখ্যা

বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমিতে ৪৮১ জন শিক্ষার্থী এবং মেরিন ফিশারিজ একাডেমিতে ১১৫ জন শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে।

## ইন্সপেক্টর অব একাডেমিস/ইনস্টিটিউটস দপ্তরের কর্মকর্তা পরিসংখ্যান

ক. ক্যাপ্টেন এ এম কুদরতউল্লাহ, (এস), বিসিজিএমএস, পিএসসি, বিএন, পরিদর্শক।

খ. নিয়াজ আব্দুল্লাহ, সহকারী পরিদর্শক।

# বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখার কার্যক্রম

বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার পর হতে অদ্যাবধি বিশ্ববিদ্যালয় সিভিল ও ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স কার্যক্রম প্রকৌশল শাখার অধীনে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের সংস্কার ও পরিবর্ধনের কার্যক্রম এ দপ্তরের অধীনে সম্পন্ন হয়। বিগত বছরের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নে লিপিবদ্ধ করা হলো।

## অস্থায়ী ক্যাম্পাস রেনোভেশন

### ১। মেরিন ফিশারিজ ল্যাব স্থাপন

প্রকৌশল শাখার সার্বিক তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদের অধীনে মেরিন ফিশারিজ ও অ্যাকুয়াকালচার বিভাগের শিক্ষার্থীদের ব্যবহারিক শিক্ষা প্রদানের উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসের পদ্মা ভবনের ছাদে মেরিন ফিশারিজ ল্যাব স্থাপন করা হয়।



মেরিন ফিশারিজ ল্যাব

### ২। বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস পদ্মা ভবনে রিসিপশন স্থাপন

প্রকৌশল শাখার সার্বিক তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসের পদ্মা ভবনের গ্রাউন্ড ফ্লোরে একটি রিসিপশন স্থাপন করা হয়েছে।



পদ্মা ভবনের রিসিপশন

### ৩। বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস পদ্মা ভবনে ফেসিং ওয়াল স্থাপন

প্রকৌশল শাখার সার্বিক তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের পদ্মা ভবনের সম্মুখে দৃষ্টিনন্দন ফেসিং ওয়াল স্থাপন করা হয়েছে।



পদ্মা ভবনের ফেসিং ওয়াল

# বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভের কর্মকাণ্ড

বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভ শিক্ষক-শিক্ষার্থীদের একাডেমিক তথ্যের চাহিদা পূরণে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সময়ের পরিক্রমায় শিক্ষার্থীদের সংখ্যা বৃদ্ধির সাথে সাথে এর কলেবর বৃদ্ধি পেয়েছে। তাই বর্তমানে বিশ্ববিদ্যালয়ের মূল ভবনের পাশাপাশি পদ্মা ভবনে গ্রন্থাগারের আরও একটি শাখা চালু করা হয়েছে। ফলে শিক্ষার্থীগণ তাদের প্রয়োজন অনুযায়ী দুই গ্রন্থাগারই ব্যবহার করতে পারেন। বর্তমানে কেন্দ্রীয় গ্রন্থাগারে প্রায় ৭০০০ প্রিন্টেড বই, ৩০০ প্রিন্টেড জার্নালসহ অন্যান্য পাঠ্য সামগ্রী রয়েছে। তাছাড়া প্রায় ৬০০০ ই-বুক ও বিপুল সংখ্যক ই-জার্নাল রয়েছে। শিক্ষক-শিক্ষার্থীগণের চাহিদার সাথে সঙ্গতি রেখে এ সংগ্রহ প্রক্রিয়া চলমান রয়েছে।



ঐতিহাসিক ০৭ মার্চ দিবসে পুস্তক প্রদর্শনীতে উপস্থিত অতিথিবৃন্দ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ, জীবনাচার, রাজনৈতিক দর্শন, নেতৃত্বগুণ, দেশপ্রেমসহ সার্বিক কর্মকাণ্ড এবং মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীদের জানার সুযোগ সৃষ্টির লক্ষ্যে কেন্দ্রীয় গ্রন্থাগারে "বঙ্গবন্ধু কর্নার" স্থাপন করা হয়েছে। বর্তমানে এখানে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের উপর রচিত প্রায় ৪০০ বই রয়েছে এবং সংগ্রহ প্রক্রিয়া চলমান রয়েছে।

বর্তমান সময়ে গ্রন্থাগারের স্থান সংকুলান ও কম সময়ে আধুনিক যুগোপযোগী তথ্যের প্রাপ্তি নিশ্চিত করতে ই-রির্সোসের ভূমিকা অপরিসীম। তাই প্রিন্টেড বই ও জার্নালের পাশাপাশি কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভ ই-রির্সোস সংগ্রহ ও ব্যবহারে বিশেষ গুরুত্ব দিচ্ছে। গ্রন্থাগার ব্যবহারকারীগণের যে কোন স্থান হতে সপ্তাহের প্রতিদিন ২৪ ঘন্টাই ই-রির্সোস সমূহে প্রবেশ ও ব্যবহার সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে Remote Access সুবিধা চালু রয়েছে। তাছাড়া বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীগণের অনলাইন তথ্যের যোগান দিতে "Online Legal Research Database" এর উৎস "Manupatra" সাবস্ক্রাইব করা হচ্ছে।

সম্প্রতি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভের তত্ত্বাবধানে ঐতিহাসিক ০৭ মার্চ ও ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২১ উপলক্ষ্যে বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণের উপর রচিত এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বরচিত পুস্তকসহ বঙ্গবন্ধুর উপর রচিত বিভিন্ন পুস্তকের উপর ভিত্তি করে একটি পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল এর শুভ উদ্বোধন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, লাইব্রেরিয়ান, বিভিন্ন অনুষদের ডিনসহ বিভিন্ন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গণহত্যা দিবসে পুস্তক প্রদর্শনীতে উপস্থিত অতিথিবৃন্দ

# বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টারের কার্যক্রম

শিক্ষা ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে শিক্ষিত জনগোষ্ঠির জীবনমানে ইতিবাচক পরিবর্তন করা সম্ভব। এ লক্ষ্যে বর্তমান সরকার আইসিটি সেক্টরকে অন্যতম মাধ্যম হিসেবে বিবেচনা করেছে। নতুন প্রজন্মকে মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চশিক্ষার পাশাপাশি তথ্য প্রযুক্তি বিষয়ে দক্ষ করে গড়ে তুলে ডিজিটাল বাংলাদেশ নির্মাণের লক্ষ্য অর্জনে ভূমিকা রাখতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ বদ্ধপরিকর। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়কে আধুনিক এবং আইসিটি বান্ধব বিশ্ববিদ্যালয়ে পরিণত করার প্রয়োজনে আইসিটি সেন্টার পরিকল্পনা মাফিক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে আসছে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম এবং গবেষণাকে বিবেচনায় রেখে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ২০২০-২০২১ অর্থবছরে তথ্য প্রযুক্তি বান্ধব উল্লেখযোগ্য কার্যক্রমের বিবরণ নিম্নে উপস্থাপন করা হলো।

## অনলাইন পাঠদানে উৎসাহ প্রদানের জন্য মোবাইল ডাটা প্রদান

কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষার্থীদের আর্থিক অবস্থা বিবেচনায় রেখে বিশ্ববিদ্যালয়ের অনলাইন শিক্ষা কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে আইসিটি সেন্টারের কারিগরী সহায়তায় শিক্ষার্থীদের জন্য বিশেষ প্রণোদনা হিসেবে মোবাইল ডাটা প্রদান করা হয়।

## BSMRMU Integrated Management System (BIMS) প্রস্তুতকরণ

বিশ্ববিদ্যালয়ের ERP System-এর অংশ হিসেবে BSMRMU Integrated Management System (BIMS) প্রস্তুতের চলমান কাজের অংশ হিসেবে Student Management System-এর কাজ ইতোমধ্যে চালু হয়েছে এবং সকল শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান পূর্বক উক্ত System-টির মানোন্নয়নের কাজ চলমান রয়েছে।

## ইন্টারনেটের ব্যান্ডউইথ বৃদ্ধিকরণ

অনলাইন শিক্ষা কার্যক্রমকে বেগবান করা এবং বিশ্ববিদ্যালয় হতে ভার্চুয়াল পাঠদানের মান অক্ষুণ্ন রাখার জন্য বিশ্ববিদ্যালয়ের নেটওয়ার্ক অবকাঠামো শক্তিশালী করণের প্রয়োজনীয়তা অপরিসীম। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের ইন্টারনেট সেবার মান বৃদ্ধির জন্য ইন্টারনেট সেবার ব্যান্ডউইথ 200Mbps-এ উন্নীত করণ, বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে শক্তিশালী নেটওয়ার্ক স্থাপন, আধুনিক নেটওয়ার্কিং সরঞ্জামাদি স্থাপন করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা আইসিটি সেন্টার কর্তৃক গ্রহণ করা হয়েছে।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে অনলাইন কুইজ প্রতিযোগিতার আয়োজন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে অন্যান্য অনুষ্ঠানাদির পাশাপাশি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য একটি অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হয়। আইসিটি সেন্টার উক্ত কুইজ প্রতিযোগিতা অত্যাধুনিক Proctorial System সম্বলিত একটি পোর্টালে সম্পূর্ণ অনলাইন প্লাটফরমে সফলভাবে আয়োজন করে।

## আন্তর্জাতিক ওয়েবিনার সফলভাবে আয়োজন

চলমান কোভিড-১৯ পরিস্থিতির মাঝেও মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশনায় আইসিটি সেন্টারের কারিগরী সহায়তায় তিনটি আন্তর্জাতিক ওয়েবিনার আয়োজন করা হয়। যেখানে বহু দেশী/বিদেশী শিক্ষাবিদসহ সরকারী উচ্চ পদস্থ ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

## Learning Management System (LMS) হিসেবে Moodle ব্যবহারের জন্য প্রস্তুতকরণ

অনলাইন পাঠদান পদ্ধতিকে যুগোপযোগী করা এবং বিশ্বমান নিশ্চিতকরণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ে নিজস্ব Learning Management System (LMS) চালুকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ প্রেক্ষিতে নিজস্ব সার্ভারে আইসিটি সেন্টারের কারিগরী সহযোগিতায় সকল শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য একটি আধুনিক মানসম্মত সম্পূর্ণ অনলাইন ডিজিটাল LMS প্লাটফর্ম Moodle প্রস্তুতকরণের কাজ সম্পন্ন করা হয়।

ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষককে Moodle সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে। অনতিবিলম্বে এটি শিক্ষক/শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত করা হবে।

## বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ সভাসমূহ অনলাইনে আয়োজন

বিশ্ববিদ্যালয়ের সংবিধিবদ্ধ সভা যেমন সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, পরিকল্পনা উন্নয়ন ও মূল্যায়ন কমিটি ও অর্থ কমিটির সভাসহ সকল ধরনের সভা কোভিড-১৯ মহামারী বিবেচনায় আইসিটি সেন্টারের কারিগরী সহায়তায় ভার্চুয়াল পদ্ধতিতে অনলাইনে সফলভাবে আয়োজন এবং পরিচালনা করা হয়।

## অনলাইন Leave Management and File Sharing System তৈরিকরণ

বিশ্ববিদ্যালয়ের আধুনিকায়নের জন্য সকল কার্যক্রমকে ডিজিটালাইজেশন করা অত্যাবশ্যক। এ কার্যক্রমের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারির ব্যক্তিগত প্রোফাইল তৈরি এবং বাৎসরিক ছুটিসহ অভ্যন্তরীণ ফাইল স্থানান্তরের সুবিধার্থে আইসিটি সেন্টারের তত্ত্বাবধানে Online Leave Management and File Sharing System প্রস্তুতের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং এটি পরীক্ষামূলকভাবে বর্তমানে চলমান আছে।

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা প্রকল্পের কার্যক্রম

## স্থায়ী ক্যাম্পাস নির্মাণের অগ্রগতি

"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা" শীর্ষক প্রকল্পের জন্য বরাদ্দকৃত স্থানটি চট্টগ্রাম জেলার উত্তর-পূর্ব দিকে কর্ণফুলী নদীর তীরবর্তী বন্দর ও চাঁদগাও থানাধীন ৫ নং মোহরা ওয়ার্ডের অন্তর্ভূক্ত হামিদচর এলাকায় ১০৬.৬৬ একর ভূমি জুড়ে অবস্থিত। বর্তমানে প্রকল্পের অগ্রগতি নিম্নে ছক আকারে দেওয়া হলো:

| ক্রমিক | প্রকল্পের কাজের অগ্রগতি |
|---|---|
| ১ | পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রদান সম্পন্ন হয়েছে। |
| ২ | কন্ট্রাকটর নিয়োগ প্রদান সম্পন্ন হয়েছে। |
| ৩ | মাস্টার প্ল্যান অনুমোদিত হয়েছে। |
| ৪ | স্থায়ী ক্যাম্পাস নির্মাণ প্রকল্পের মাটি ভরাট কাজের প্রথম পর্যায়ের কাজ ১০০% সম্পন্ন হয়েছে এবং ২য় পর্যায়ের কাজের নীতগত অনুমোদন পাওয়া গেছে। শীঘ্রই দরপত্র প্রক্রিয়া শুরু করা হবে। |
| ৫ | ৩১টি স্ট্রাকচারের আর্কিটেকচারাল ডিজাইন ১০০% সম্পন্ন হয়েছে। |
| ৬ | ২টি একাডেমিক ভবন এবং ১টি প্রশাসনিক ভবনসহ মোট ৩টি বিল্ডিং এর স্ট্রাকচারাল ডিজাইনের কাজ চলমান রয়েছে। |
| ৭ | মোটরযান ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। |
| ৮ | কর্ণফুলী নদীর তীর বরাবর ৮৬০ মি. বাঁধ নির্মাণ কাজ চলমান রয়েছে। |
| ৯ | Soil Test কাজের দরপত্র মূল্যায়ন সমাপ্ত হয়েছে। কার্যাদেশ প্রদান প্রক্রিয়াধীন রয়েছে। |
| ১০ | RDPP প্রণয়নের লক্ষ্যে কমিটি গঠন করা হয়েছে এবং কাজ চলমান রয়েছে। |



স্থায়ী ক্যাম্পাসের ভূমি

# নাফিক (Nuffic) কারিগরি শিক্ষা সহায়তা প্রকল্পের কার্যক্রম

নেদারল্যান্ডের প্রতিষ্ঠান নাফিক (Nuffic) এর অর্থায়নে Orange Knowledge Programme Institutional Collaboration Project এর আওতায় "To Enhance Capacity and Institutional Sustainability within the Bangladeshi Maritime and Port Sector through the Development of Specialized Knowledge and Skills" শীর্ষক কারিগরি শিক্ষা সহায়তা প্রকল্পটি ২১ অক্টোবর ২০১৯ হতে অত্র বিশ্ববিদ্যালয়ে চলমান রয়েছে। এ প্রকল্পের আওতায় ০১ জুলাই ২০২০ হতে ৩১ জুন ২০২১ এ সংঘটিত বিভিন্ন কার্যক্রম নিম্নরূপ:

## "Online Teaching Didactics Course" সম্পন্ন

বিশ্বজুড়ে শিক্ষা ও তথ্য প্রযুক্তির মাধ্যমে অনলাইনে শিক্ষা কর্মসূচী পরিচালিত হচ্ছে। বিএসএমআরএমইউ এর শিক্ষার্থীদের অনলাইনে যুগোপযোগী শিক্ষা প্রদানের প্রয়োজনীয়তাকে উপলব্ধি করতঃ নাফিক প্রকল্পের আওতায় "Online Teaching Didactics Course" সম্পন্ন করা হয়। উক্ত কোর্সে সেপ্টেম্বর-অক্টোবর ২০২০ ১ম ব্যাচ এবং অক্টোবর-নভেম্বর ২০২০ ২য় ব্যাচের শিক্ষক ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

## পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য নেদারল্যান্ডস্ গমন

নাফিক প্রকল্পের অধীনে এ বিশ্ববিদ্যালয় হতে পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য সহকারী অধ্যাপক মানছুরা আক্তার, মেরিটাইম ল' এবং সহকারী অধ্যাপক মোঃ সাঈদী হাসান, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং-কে নির্বাচন করা হয়। নির্বাচিত শিক্ষকবৃন্দ সেপ্টেম্বর ২০২০-এ নেদারল্যান্ডস্ গমন করেন।

## "Climate Change Challenges in Bangladesh and Bay of Bengal Region"- শীর্ষক ওয়েবিনার

Nuffic, নেদারল্যান্ডসের প্রজেক্টের সহযোগিতায় ০৩ নভেম্বর ২০২০ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ কর্তৃক International Webinar on "Climate Change Challenges in Bangladesh and Bay of Bengal Region" শীর্ষক আন্তর্জাতিক ওয়েবিনারের আয়োজন করা হয়। বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডসের মান্যবর রাষ্ট্রদূত হ্যারি ভারওয়েজ ওয়েবিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্র্যাক ইউনিভার্সিটির প্রাক্তন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. আইনুন নিশাত। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী সহ দেশি-বিদেশি গণ্যমান্য বিশেষজ্ঞ ও ব্যক্তিবর্গ ওয়েবিনারে অংশগ্রহণ করেন। ওয়েবিনারে বাংলাদেশসহ বিভিন্ন দেশের মেরিটাইম বিশেষজ্ঞ ও শিক্ষাবিদগণ তাদের মূল্যবান মতামত উপস্থাপন করেন। বক্তাগণ তাদের বক্তব্যে বাংলাদেশ ও বঙ্গোপসাগরীয় অঞ্চলে জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জসমূহ শনাক্তকরণ ও এসকল চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় সম্পর্কে আলোকপাত করেন।



ওয়েবিনারের আমন্ত্রিত বিশেষজ্ঞ ও শিক্ষাবিদগণ

## মাস্টার্স ইন কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং এর কারিকুলাম ডেভেলপমেন্ট

বিশ্ববিদ্যালয় কারিকুলাম কমিটি নাফিক বিশেষজ্ঞ এবং দেশীয় বিশেষজ্ঞদের সাথে আলোচনাপূর্বক একটি দুই বছর মেয়াদী এবং ৪৮ ক্রেডিট ঘণ্টা বিশিষ্ট মাস্টার্স অব সায়েন্স ইন কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং এর কারিকুলাম প্রণয়ন করে যা অত্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের মাধ্যমে অনুমোদন করা হয়।

## শর্টকোর্স কারিকুলাম ডেভেলপমেন্ট

নাফিক প্রকল্পের আওতায় বিএসএমআরএমইউ ও STC যৌথভাবে Ship Management; Container Terminal Management এবং Ship Brokering, Chartering, Sale and Purchase এই ৩টি বিষয়ের উপর শর্টকোর্স কারিকুলাম প্রণয়ন করে এবং একাডেমিক কাউন্সিল কর্তৃক অনুমোদন করা হয়। বিএসএমআরএমইউ কর্তৃক নিয়মিতভাবে কোর্সসমূহ পরিচালনার মাধ্যমে দেশের পোর্ট অ্যান্ড শিপিং সেক্টরের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানসমূহকে যথাযথ প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে।

## "Trajectories Towards Resilient Cities in Bangladesh Delta Plan 2100- The Urban Challenge" শীর্ষক ওয়েবিনার



ওয়েবিনারের আমন্ত্রিত বিশেষজ্ঞ ও শিক্ষাবিদগণ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এবং Nuffic OKP, Netherlands এর যৌথ উদ্যোগে ২২ এপ্রিল ২০২১ "Trajectories Towers Resilient Cities in Bangladesh Delta Plan 2100- The Urban Challenge" শীর্ষক ওয়েবিনারের আয়োজন করা হয়। ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অব.)।

ওয়েবিনারে নেদারল্যান্ডের আইএইচই ডেলফট-এর মিঃ ক্রিস জেভেনবার্গেন ও ড. উইলিয়াম ভারবেইক এবং বুয়েটের ড. শাহ আলম খান ও ড. শায়ের গফুর তাদের মূল্যবান প্রবন্ধ উপস্থাপন করেন। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয় ও সংস্থার প্রতিনিধিগণ অনলাইনে অংশগ্রহণ করেন।

## Moodle এর মাধ্যমে শিক্ষাদান পদ্ধতির উপর প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন

চলমান বৈশ্বিক মহামারির কারণে পরিবর্তিত পরিস্থিতির আলোকে বিএসএমআরএমইউ শিক্ষকবৃন্দ বর্তমানে অনলাইন ভিত্তিক শিক্ষাদান কর্মসূচি চালিয়ে যাচ্ছেন। এমতাবস্থায়, বিএসএমআরএমইউ-কে উৎকর্ষের কেন্দ্র হিসেবে বিনির্মাণের লক্ষ্যে Online ভিত্তিক Moodle এর মাধ্যমে শিক্ষাদান পদ্ধতির উপরে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়। এ লক্ষ্যে IHE Delft ১৮-২৭ মে ২০২১ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাদের Moodle E-Learning Systems এর উপর প্রশিক্ষণ প্রদান করে।

# মেডিকেল সেন্টারের কার্যক্রম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারটি ২০১৬ খ্রীষ্টাব্দে স্বল্প পরিসরে এর কার্যক্রম শুরু করলেও দিনে দিনে এর সেবা প্রদান কার্যক্রমের পরিধি বেড়েই চলেছে। বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার সকল ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে প্রাথমিক চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় ঔষুধ সরবরাহ ও স্বাস্থ্য পরামর্শ সেবা অবিরত প্রদান করছে। বর্তমান করোনা পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশিত বিধিনিষেধ যথার্থ প্রয়োগে সম্পূর্ণ সচেষ্ট রয়েছে মেডিকেল সেন্টার। করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধে ও পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে  নিম্নলিখিত বেশ কিছু কার্যকর পদক্ষেপ নেওয়া হয়:

১। সকলকে মাস্ক পরিধান করার ব্যাপারে নিয়মিত উৎসাহিত করা হচ্ছে।

২. Non-contact Thermometer মাধ্যমে সকলের শরীরের তাপমাত্রা মাপা হচ্ছে।

৩. Hand Sanitizer ব্যবহার করে সকলের হাত জীবাণুমুক্ত করা হচ্ছে।

৪. বিশ্ববিদ্যালয়ের প্রবেশের পূর্বে সকলের জুতা জীবাণুমুক্ত করা হচ্ছে।

৫. সর্বসাধারণ কর্তৃক ব্যবহার হয় এমন জায়গাসহ অন্যান্য জায়গার মেঝে ও রুমের দরজার হাতল, সিড়ির হাতল এবং যেসব বস্তু বার বার ব্যবহার হয় সেসব বস্তুর তলপৃষ্ঠ ঘন ঘন পরিষ্কার ও জীবাণুমুক্ত করা হচ্ছে।

৬. প্রতিদিন নিয়ম মাফিক সম্পূর্ণ বিশ্ববিদ্যালয় জীবাণুমুক্ত রাখার ব্যবস্থা করা হচ্ছে।

৭. ঘন ঘন হাত ধোয়ার ব্যবস্থা রাখা হয়েছে।

৮. দপ্তর ভিত্তিক Hand Sanitizer সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৯. সকল কর্মকর্তা কর্মচারীকে Re-Usable Mask সরবরাহ করা হয়েছে।

১০. প্রয়োজন বিশেষে Hand Gloves সরবরাহ করা হয়।

এছাড়াও যারা অসুস্থ, সন্তান সম্ভবা তাদের অফিসে আসার ব্যাপারে নিরুৎসাহিত করা হয়েছে। বাসায় বসে দিবা রাত্রি ২৪ ঘণ্টা ওভার ফোন চিকিৎসা সেবা ও পরামর্শ নেওয়ার সুযোগ রয়েছে। করোনা সন্দেহে অসুস্থদের পরীক্ষা করতে ও প্রয়োজনীয় চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যেতে অ্যাম্বুলেন্স সেবার ব্যবস্থা করা হয়। করোনা পরিস্থিতি মোকাবেলার সঙ্গে সঙ্গে ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলায়ও আমরা সমান ভাবে সচেষ্ট রয়েছি। নিয়মিতভাবে ফগার মেশিন দ্বারা স্প্রে করা হচ্ছে। সেই সঙ্গে অ্যারোসল ও অডোমস সরবরাহ করা হচ্ছে। সর্বোপরি যে কোনো পরিস্থিতি মোকাবেলায় আমরা আমাদের সর্বোত্তম সেবা প্রদানে আন্তরিকভাবে নিয়োজিত আছি।

# বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের কার্যক্রম




‘বাংলাদেশ মেরিন একাডেমি’ বিগত প্রায় ৬ (ছয়) দশক ধরে পেশাগতভাবে দক্ষ, পরিবেশ সচেতন, বুদ্ধিদীপ্ত এবং চৌকস মেরিন ক্যাডেট তৈরি করে আসছে। উচ্চ-মাধ্যমিক সনদপ্রাপ্ত নির্বাচিত প্রার্থীদেরকে জাতিসংঘের অঙ্গসংস্থা ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের (IMO-UN) আন্তর্জাতিক পেশাগত দক্ষতা-মান STCW Convention অনুযায়ী প্রশিক্ষণের মাধ্যমে বিশ্বমান সম্পন্ন মেরিন ক্যাডেট হিসেবে গড়ে তুলছে।

১৯৬২ খ্রীষ্টাব্দে প্রতিষ্ঠার পরে ২০২০ সাল পর্যন্ত প্রায় ৪,৭৩১ জন মেরিন ক্যাডেট (নটিক্যাল/ইঞ্জিনিয়ারিং) প্রশিক্ষিত করেছে এই একাডেমি। এছাড়া ১৯৮০ খ্রীষ্টাব্দের পর থেকে বিভিন্ন পেশাদার প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে আরও প্রায় ৪৫,০০০-এর বেশি সংখ্যক মেরিন অফিসার ও মেরিন ইঞ্জিনিয়ারদেরকে উচ্চতর ও সহায়ক প্রশিক্ষণ (প্রিপারেটরী ও অ্যান্সিলারী কোর্স) প্রদান করা হয়েছে। জাতীয় অর্থনীতিতে, দেশে-বিদেশে সমুদ্রগামী জাহাজ এবং শোর-বেজ্‌ড জাহাজী সংস্থায় কর্মরত আমাদের ৪,৭৩১ জন ক্যাডেট তথা মেরিনারদের সম্মিলিত অবদান – বার্ষিক প্রায় ২২৫ মিলিয়ন ডলার (২,০০০ কোটি টাকা)।

## উন্নয়ন কার্যক্রম

**জুলাই ২০২০ জুন ২০২১ সময়কালে এ একাডেমির উল্লেখযোগ্য উন্নয়ন কার্যক্রম নিম্নরূপঃ**

- একাডেমির ইনোভেশন ল্যাব এবং মেকানিক্যাল ল্যাব আধুনিকীকরণ
- ৫৫০ কেভি সম্পন্ন নতুন জেনারেটর স্থাপন।
- একাডেমির ভৌত অবকাঠামো সংস্কারের মাধ্যমে সৌন্দর্যবর্ধন ও আধুনিকায়ন করা হয়েছে।



ভৌত অবকাঠামোর সৌন্দর্যবর্ধন ও আধুনিকায়ন

## একাডেমিক কার্যক্রম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির ১ম অধিভুক্ত প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ মেরিন একাডেমি ২০১৩ সাল থেকে (৪৮ ব্যাচ থেকে) ৪-বছর মেয়াদী ব্যাচেলর অব মেরিটাইম সায়েন্স (বিএমএস) অনার্স কোর্স পরিচালনা করছে। তাছাড়া, মেরিন অফিসার ও মেরিন ইঞ্জিনিয়ারদের উচ্চতর ও সহায়ক প্রশিক্ষণ (প্রিপারেটরী ও অ্যান্সিলারী কোর্স) কোর্স পরিচালনা করে আসছে।

## দূরশিক্ষণ পদ্ধতিতে ক্যাডেটদের অনলাইন পাঠদান

করোনা মহামারির প্রেক্ষিতে, গত ১৮ মার্চ ২০২০ তারিখ থেকে অদ্যাবধি একাডেমিতে প্রশিক্ষণরত সকল ক্যাডেটদের (প্রি-সি এবং পোস্ট-সি) ''অনলাইন দূর-শিক্ষণের'' মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

## পরিদর্শন

২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ৫৫তম ব্যাচের মুজিব শতবর্ষ গ্র্যাজুয়েশন প্যারেডে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব খালিদ মাহমুদ চৌধুরী ও সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী মহোদয় এ একাডেমি পরিদর্শন করেন।

## উদ্ভাবন

কোভিড-১৯ মহামারির দুর্যোগময় সময়ে একাডেমিতে কোভিড প্রতিরোধে জনবান্ধব ৩টি যন্ত্র উদ্ভাবন করে শ্রেষ্ঠ উদ্ভাবক হিসেবে এই একাডেমি পুরস্কার পেয়েছে।

## প্রক্রিয়াধীন স্বীকৃতি/সমঝোতা স্মারক

- Recognition of UK MCA
- MoU with Southampton Solent University, UK
- MoU with Maritime Academy of Asia and Pacific, Philippines



মুজিব শতবর্ষ উপলক্ষ্যে গ্র্যাজুয়েশন প্যারেডে অংশগ্রহণকারীগণ

## মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রামের কার্যক্রম

চলতি ২০২০-২০২১ অর্থবছরে সামুদ্রিক মৎস্য সম্পদের সুষ্ঠু আহরণ, সংরক্ষণ ও ব্যবস্থাপনার নিমিত্তে ১৫ মার্চ ২০২১ একাডেমির ৩৯তম ও ৪০তম ব্যাচে নটিক্যাল বিভাগে মোট ৬৩ জন, মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে মোট ৬৬জন এবং মেরিন ফিশারিজ বিভাগে মোট ৩৬ জন ক্যাডেট পাসড আউট হয়েছে। এদের মধ্যে মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ০৬ জন এবং মেরিন ফিশারিজ বিভাগে ০৪ জন মহিলা ক্যাডেট রয়েছে।

উক্ত পাসিং আউট অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শ ম রেজাউল করিম, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব রওনক মাহমুদ উপস্থিত ছিলেন।



Graduation Parade of 39th & 40th Batch



Gold Medal Award for Best Male & Female Cadet by Chief Guest



Oath-taking Ceremony



Certificate Awarding by Chief Guest



Certificate Awarding by Special Guest



Group Photo of 39th Batch



Group Photo of 40th Batch

পাশকৃত ৩৯তম ও ৪০তম ব্যাচের নটিক্যাল বিভাগ হতে ৬০ জন, মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ৬১ জন ক্যাডেটসহ সর্বমোট ১২১ জন ক্যাডেটদের অনুকূলে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক Continuous Discharge Certificate (CDC) ইস্যু করা হয়েছে। CDC প্রাপ্ত ক্যাডেটগণ প্রতি বছরের ন্যায় চীন, ইউক্রেন, সিঙ্গাপুর, নাইজেরিয়াসহ বিভিন্ন দেশের বাণিজ্যিক জাহাজে চাকুরিতে যোগদান করে বৈদেশিক মুদ্রা রেমিটেন্স আকারে বাংলাদেশে প্রেরণ করে দেশের অর্থনীতিতে যোগান দিবে। এছাড়াও মেরিন ফিশারিজ বিভাগ হতে পাশকৃত ক্যাডেটরা দেশীয় ফিশিং ট্রলার, ফিশ প্রসেসিং টেকনোলজিস্ট ও মান নিয়ন্ত্রণ কর্মকর্তা, মৎস্য ও চিংড়ি প্রক্রিয়াজাতকরণ কারখানা নির্বাহী কর্মকর্তাসহ বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা ও সার্ভেয়ার হিসেবে যোগদান করে দেশের অভ্যন্তরীণ অর্থনৈতিক ভিতকে সমৃদ্ধ করছে।

## বিশ্ববিদ্যালয়ের জনবল

বর্তমানে এ বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ নৌবাহিনী, বাংলাদেশ সেনাবাহিনী ও বাংলাদেশ বিমান বাহিনীর কর্মকর্তা প্রেষণে নিযুক্ত রয়েছেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ে অনুষদ সদস্য, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের মাধ্যমে একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম চলমান রয়েছে। বিশ্ববিদ্যালয়ের অর্গানোগ্রামটি গত ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। বিশ্ববিদ্যালয়ে অনুমোদিত অর্গানোগ্রামের বিপরীতে বর্তমানে নিয়োজিত জনবলের পরিসংখ্যান নিম্নরূপ:

### কর্মকর্তা/শিক্ষকবৃন্দের পরিসংখ্যান:

| ক্রমিক | পদবি | কর্মরত কর্মকর্তার সংখ্যা |
|---|---|---|
| সামরিক | | |
| ১. | রিয়ার এডমিরাল (অবঃ) | ০১ জন |
| ২. | কমডোর/ইঃ কমডোর | ০৫ জন |
| ৩. | ক্যাপ্টেন | ০৪ জন |
| ৪. | কর্নেল | ০১ জন |
| ৫. | গ্রুপ ক্যাপ্টেন | ০১ জন |
| ৬. | কমান্ডার/ইঃ কমান্ডার | ০৫ জন |
| ৭. | লেঃ কর্নেল | ০১ জন |
| ৮. | উইং কমান্ডার | ০১ জন |
| ৯. | লেঃ কমান্ডার/ইঃ লেঃ কমান্ডার | ০৪ জন |
| | **(ক) মোট** | **২৩ জন** |
| বেসামরিক | | |
| ১. | শিক্ষক | ৩৭ জন |
| ২. | শিক্ষক (চুক্তিভিত্তিক) | ০৯ জন |
| ৩. | ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা | ২৯ জন |
| ৪. | কর্মকর্তা (চুক্তিভিত্তিক) | ০৩ জন |
| ৫. | ১০ম গ্রেডের কর্মকর্তা | ০৮ জন |
| | **(খ) মোট** | **৮৬ জন** |

### নৌবাহিনীর সদস্য এবং বেসামরিক কর্মচারীর পরিসংখ্যান:

| ক্রমিক | পদবি | কর্মরত কর্মকর্তার সংখ্যা |
|---|---|---|
| সামরিক | | |
| ১. | জেসিও’স এবং পিও | ১৪ জন |
| ২. | লিডিং এবং নিম্নমান | ৩৫ জন |
| | (গ) মোট | ৪৯ জন |
| বেসামরিক | | |
| ১. | ১১ থেকে ১৬তম গ্রেড | ৭২ জন |
| ২. | ১৭ থেকে ২০তম গ্রেড | ৩০ জন |
| ৩. | স্থায়ী ক্যাম্পাস নির্মাণ প্রকল্প | ০৭ জন |
| ৪. | দৈনিক ভিত্তিক কর্মচারী | ৩১ জন |
| | (ক) মোট | ১৪০ জন |
| | সর্বমোট | ২৯৮ জন |

BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN MARITIME UNIVERSITY, BANGLADESH

We strive for Maritime Excellence

2013

BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN MARITIME UNIVERSITY, BANGLADESH

We strive for Maritime Excellence

2013

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ**
১৪/৬ - ১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬
ফোনঃ +৮৮০ ৯৬৬৬ ৭৭৬৮৬৮, +৮৮০ ১৭৬৯ ৭২১০১০, ফ্যাক্সঃ +৮৮০ ২ ৫৮০৫১০১০
ই-মেইলঃ info@bsmrmu.edu.bd, ওয়েবঃ www.bsmrmu.edu.bd